আরও
চাকরির খবর
ভেতরের পাতায়
কর্মক্ষেত্র
তথ্যভাণ্ডার...পৃঃ ১১

SKILL BANGLA
www.skillbangla.in

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ভারতীয় রেলে
২২১৯৫ গ্রুপ 'ডি'
সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৬ সংখ্যা ৪৯ কলকাতা বুধবার, ১ জুলাই ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৬ আষাঢ় ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## রাজ্যে ১৬ হাজার প্রশিক্ষিত কনস্টেবল পুজোর আগেই কাজে নামবে, ঘোষণা মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি:** রাজ্যের ১৬ হাজার প্রশিক্ষিত তরুণ-তরুণী খুব শীঘ্রই পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশের কনস্টেবল পদে নিয়মিত চাকরির আওতায় আসতে চলেছেন। এই ১৬ হাজার চাকরিপ্রার্থী প্রার্থীবাছাই প্রক্রিয়ায় সফল হয়ে নিয়োগ-পূর্ব প্রশিক্ষণ নিয়েছেন। কিন্তু নিয়োগের প্রক্রিয়া থমকে ছিল আইনি কারণে। সম্প্রতি রাজ্য সচিবালয়, নবান্নের এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, 'পুজোর আগে ১৬ হাজার নতুন কনস্টেবলকে রাস্তায় নামাচ্ছি।' এতেই স্পষ্ট, রাজ্যের নতুন সরকার এই নিয়োগের প্রক্রিয়া দ্রুত সম্পূর্ণ করার উদ্যোগ নিচ্ছে। রাজ্য পুলিশে

### পুলিশে দ্রুত নিয়োগের সম্ভাবনা বাড়ল

১২ হাজার ও কলকাতা পুলিশে ৪ হাজার কনস্টেবলের শূন্যপদ পূরণ করা হবে এই নিয়োগ-উদ্যোগের মাধ্যমে।

প্রসঙ্গত, ২২ জুন বিধানসভায় ২০২৬-'২৭ অর্থবর্ষের বাজেট পেশ হওয়ার পরে মুখ্যমন্ত্রী জানিয়েছেন, স্কুল-কলেজের শিক্ষক ও অশিক্ষক কর্মীর ৫০ হাজার শূন্যপদের সঙ্গে পুলিশেও ২০ হাজার শূন্যপদ পূরণ করা হবে। এই ১৬ হাজার কনস্টেবলের নিয়োগ বাজেট প্রস্তাব অনুযায়ী নিয়োগের অংশ বলেই মনে করা হচ্ছে।

অদূর ভবিষ্যতে পুলিশে আরও কনস্টেবল, লেডি কনস্টেবল, আর্মড ও আন-আর্মড ব্রাঞ্চে সাব-ইনস্পেক্টর নিয়োগ হওয়ার সম্ভাবনা আছে। ইতিমধ্যেই রাজ্যের প্রতি মহকুমায় অন্তত একটি করে মহিলা থানা এবং রাজ্যের প্রতিটি থানায় একটি করে নারী সহায়তা ডেস্ক গঠনের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। তার ফলে পুলিশে আরও কর্মীর দরকার হবে। বাড়বে মহিলাদের চাকরির সুযোগও। উল্লেখ্য, ১৭ জুন রাষ্ট্রীয় রক্ষা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে রাজ্যের পুলিশ বিভাগের একটি চুক্তি (মেমোরেন্ডাম অব আন্ডারস্ট্যান্ডিং) স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুসারে কনস্টেবল, সাব-ইনস্পেক্টর পদে নির্বাচিত প্রার্থীদের অত্যাধুনিক প্রশিক্ষণ দেবে এই প্রতিষ্ঠান।

## কেন্দ্রীয় সরকারে ৩৬০

বিভিন্ন পদে ৩৬০ জনকে নেবে কেন্দ্রীয় সরকার। নিয়োগ করা হবে বিভিন্ন সরকারি অফিস ও দপ্তরে। পদ অনুসারে প্রবেশন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০৭/২০২৬।

**শূন্যপদের বিবরণ: ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭০১২২৭: জয়েন্ট ডিরেক্টর (ক্রপস ডেভেলপমেন্ট ডিরেক্টোরেট):** ৬টি (সাধারণ ৫, তফসিলি উপজাতি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** এগ্রিকালচারাল ইকনমিক্স, এগ্রিকাল-চারাল এক্সটেনশন বা অ্যাগ্রোনমি বা এন্টোমোলজি বা নেমাটোলজি বা জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং বা এগ্রিকালচার বটানি বা প্ল্যান্ট বায়ো টেকনোলজি বা প্ল্যান্ট প্যাথোলজি বা প্ল্যান্ট ফিজিয়োলজি বা সিডস সায়েন্স অ্যান্ড টেকনোলজি বা সয়েল সায়েন্স অ্যান্ড এগ্রিকালচারাল কেমিস্ট্রিতে স্নাতকোত্তর ডিগ্রি। অথবা এগ্রিকাল-চারাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক ডিগ্রি। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। পিএইচডি থাকলে বা খাদ্যশস্য ও পণ্যশস্য বিষয়ে

এরপর চারের পাতায়

## রেলে ৬৫৫৭ টেকনিশিয়ান

টেকনিশিয়ান গ্রেড-ওয়ান (সিগনাল) ও টেকনিশিয়ান গ্রেড-থ্রি পদে ৬,৫৫৭ জনকে নেবে ভারতীয় রেল। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর : 02/2026.

৩০ জুন থেকে এই দুই পদে নিয়োগের জন্য অনলাইন আবেদন করা যাবে।

দেশের ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড (আরআরবি) এই নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণ করছে। প্রার্থীরা যে-কোনও একটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের শূন্যপদে দরখাস্ত করবেন। যে-

### আবেদন করা যাচ্ছে

আরআরবি-র শূন্যপদে আবেদন করতে চান, সেই আরআরবি-র নির্দিষ্ট ওয়েবসাইটেই দরখাস্ত সাবমিট করতে হবে।

শূন্যপদের বিবরণ: টেকনিশিয়ান গ্রেড-ওয়ান (সিগনাল): ৩২৩টি, টেকনিশিয়ান গ্রেড-থ্রি: ৬,২৩৪টি।

আবেদনের যোগ্যতা: টেকনিশিয়ান গ্রেড-ওয়ান (সিগনাল) পদের ক্ষেত্রে সাধারণত ফিজিক্স, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি এবং ইনস্ট্রুমেন্টেশনে স্নাতক ডিগ্রি থাকলে আবেদন করা যায়। উল্লিখিত বিষয়গুলির কম্বিনেশনে বি এসসি ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। টেকনিশিয়ান গ্রেড-থ্রি-র ক্ষেত্রে মাধ্যমিক, সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি স্বীকৃত আইটিআই বা অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ করে থাকলে আবেদন করা যায়।

বয়স: ১-৭-২০২৬ তারিখে গ্রেড-ওয়ানের ক্ষেত্রে ১৮ থেকে ৩৩ ও গ্রেড-থ্রিয়ের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের

এরপর চারের পাতায়

## রেলে ১১৯ সেকশন কন্ট্রোলার

সেকশন কন্ট্রোলার পদে ১১৯ জনকে নেবে ভারতীয় রেল। প্রার্থী বাছাই করবে কলকাতা, মালদা, শিলিগুড়ি-সহ দেশের ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: 03/2026

বয়স: ১-৭-২০২৬ তারিখে ২০ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে।

মেডিক্যাল স্ট্যান্ডার্ড: এ-টু।

**শুরুতে বেতন:** ৩৫,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে

এরপর বারোর পাতায়

## ভারতীয় নৌবাহিনীতে ২৭৫ অফিসার

ট্রেনিং দিয়ে ২৭৫ জন অফিসার নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। বিভিন্ন ব্রাঞ্চ ও ক্যাডারে প্রার্থীদের নিয়োগ করা হবে শর্ট সার্ভিস কমিশনে। কেবল অবিবাহিত তরুণ-তরুণীরাই আবেদনের যোগ্য। প্রবেশন ২ বছরের। ট্রেনিং শুরু হবে ২০২৭ সালের জুন মাসে।

**ব্রাঞ্চ ও ক্যাডার অনুসারে শূন্যপদের বিবরণ: এক্সিকিউটিভ ব্রাঞ্চ: জেনারেল সার্ভিস {জি এস (এক্স)/হাইড্রো ক্যাডার}:** শূন্যপদ ৯০টি (এর মধ্যে সর্বাধিক ১২টি শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। **জন্মতারিখ:** ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮ তারিখের মধ্যে হতে হবে।

**পাইলট:** শূন্যপদ ২৫টি (এর মধ্যে সর্বাধিক ৩টি শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক ও

এরপর তিনের পাতায়

## ইসরোয় ৯৫ অ্যাপ্রেন্টিস

বিভিন্ন ট্রেডে ৯৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। এটি কেন্দ্রীয় সরকারের মহাকাশ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ ও সংশোধনী অ্যাক্ট, ১৯৬৩ অনুসারে গ্র্যাজুয়েট, ডিপ্লোমা ও ট্রেড অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ট্রেনিং হবে। ট্রেনিং চলাকালীন প্রতি

এরপর দুয়ের পাতায়

## ইন্ডিয়ান অয়েলে ১৫১৯ অ্যাপ্রেন্টিস

১,৫১৯ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১/১৯৭৩ (সময়ানুসারে সংশোধিত) অনুসারে ট্রেড অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ক্যাটেগরিতে ট্রেনিং দেওয়া হবে বঙ্গাইগাঁও, গুজরাট, মথুরা ও পারাদীপ রিফাইনারিতে। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**ট্রেড অনুসারে আসনের বিন্যাস: পোস্ট কোড ১০১: ট্রেড অ্যাপ্রেন্টিস-অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট)/কেমিক্যাল:** পারাদীপ রিফাইনারি: ১৮০টি। মথুরা রিফাইনারি: ১৮টি। গুজরাট রিফাইনারি:

এরপর চারের পাতায়

## রিলায়েন্সে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার

**নিজস্ব প্রতিনিধি:** বেশ কিছু ডিপ্লোমা ইঞ্জিনিয়ার নেবে রিলায়েন্স নিউ এনার্জি। এটি রিলায়েন্স গ্রুপের একটি সংস্থা। নিয়োগ হবে ট্রেনি পদে। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন শাখায় ৩ বছর মেয়াদের ডিপ্লোমা পাশ প্রার্থীরা আবেদন করতে পারেন। ফ্রেশার প্রার্থীরাও আবেদনের যোগ্য। ডিপ্লোমায় মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর থাকতে হবে। ডিপ্লোমা অর্জন

এরপর চারের পাতায়






স্বনির্ভরতার সন্ধান

## উপার্জনের পথ দেখাচ্ছে সৌরবিদ্যুৎ

**গোটা বিশ্বেই বাড়ছে সৌরবিদ্যুতের চাহিদা। ভারতেও সৌরবিদ্যুতের প্রচলন বাড়াতে উদ্যোগী হয়েছে সরকার। বিভিন্ন সরকারি ভবন, বাস টার্মিনাস, স্টেশন, ঘরবাড়ি ইতিমধ্যেই সৌরবিদ্যুতে আলোকিত। এ সময় সৌরবিদ্যুতের প্যানেল বসানো এবং সৌরবিদ্যুতের সরঞ্জামের ব্যবসা যথেষ্ট লাভজনক।**



**নিজস্ব প্রতিনিধি:** বিশ্ব জুড়ে সৌর-শক্তিকে কাজে লাগিয়ে বিদ্যুৎ তৈরি করা হচ্ছে। বিকল্প বিদ্যুৎশক্তির ব্যবহার বাড়াতে এ দেশেও সরকার নানা ভাবে উৎসাহ দিচ্ছে। 'প্রধানমন্ত্রী সূর্যঘর: মুফত বিজলি যোজনা'র আওতায় এবার বাড়ির ছাদে সৌর প্যানেল বসিয়ে বিদ্যুৎ সাশ্রয়ের সুযোগ পাবেন পশ্চিমবঙ্গের নাগরিকরাও। এই প্রকল্পে সর্বাধিক ৭৮ হাজার টাকা পর্যন্ত সরকারি ভর্তুকি পাওয়া যাবে।

সৌরবিদ্যুৎ এক দিকে যেমন পরিবেশবান্ধব, অন্য দিকে তেমনই লাভজনক একটি ব্যবসাও। সৌরশক্তি উৎপাদনকে কেন্দ্র করে কর্মসংস্থানও বাড়ছে। তবে এই ক্ষেত্রে স্বাধীন ব্যবসায়িক উদ্যোগ কিংবা চাকরির জন্য প্রশিক্ষণ প্রয়োজন। সৌরবিদ্যুৎ সামগ্রী ও তার ব্যবহারের বিষয়ে বেকার তরুণ-তরুণীদের প্রশিক্ষণ দিয়ে তাঁদের উপার্জনের দিশা দেখাচ্ছে ভারতরেজ সলিউশনস। এই বেসরকারি সংস্থা পশ্চিমবঙ্গে সৌরবিদ্যুৎ উৎপাদনের কাজ করে। পাশাপাশি প্রশিক্ষণও দেয়। সংস্থার প্রতিনিধি প্রমিতা জানালেন, 'একবার সোলার প্যানেল স্থাপন করলে ২৫ বছরের জন্য বিদ্যুতের বিল কমিয়ে ফেলার

এরপর দুয়ের পাতায়

# কর্মক্ষেত্র
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন


## কর্মখালি

Retd/VRS (40-70) সদর্থক মনোভাবাপন্ন স্নাতক পূর্ণ ভরসা রাখলে আমার দায়িত্বে বিখ্যাত ভারতীয় Co. তে Part-Time জবে উচ্চ আয়ের জন্য আমন্ত্রণ। সারথি-90075-10903.

□

নিজের ভবিষ্যৎ গড়ে তুলুন দেশের সর্ব বৃহৎ এবং বিশ্বস্ত সংস্থার সাথে। যোগ্যতাঃ- উচ্চমাধ্যমিক +, Fixed + Bonus. যোগাযোগ: 70035-34060.

□

প্যাকিং-এর কাজের জন্য অল্পবয়স্ক কর্মঠ ছেলে ও কিচেন চিমনি সার্ভিসিং-এর কাজ জানা টেকনিশিয়ান চাই। বেতন-12K-15K. Send C.V to WhatsApp : 98302-43867.

□

হাত ঘড়ি সারানোর মেকানিক চাই নাম করা কোম্পানির জন্য যোগাযোগ করুন Whatsapp: 92306-46965.

□

দঃ কলিকাতায় ছোট পরিবারের জন্য ২৪ ঘণ্টার কাজের মহিলা চাই। ফোন: 98300-67245.

□

মমিনপুর, বেহালা-তে সিকিউরিটি গার্ড চাই। বেতন-10K + PF + বোনাস। মোবাইল নং: 80177-29464 মোবাইল নং: 87770-30229.

□

WANTED COMMERCIAL OFFICER (Experienced/ Retired) Engineering Works Location Simurali (NH-12) Nadia Accounts, Tax & Statutory Compliances Send CV WhatsApp: 98313-16598.

□

**Engineer Co. looking Staad Pro.** Operator & BA/ BSC Pass with complete knowledge Office Works, Email:creativeforum2024@gmail.com

□

## কর্মখালি

**Excellent Income Opportunity** for Retired/ VRS from Central/ State/ PSU/ Bank/ Army HS+ 40-65 yrs. Call-Jayanta : 98748-35671/ 84209-84967.

□

**A School in South Kolkata** Requires Retired Bank Employee For Banking and Internal Verification. Email- rmmhs.45@gmail.com

□

**Editor চাই**

Maths, Physics, Chemistry, Biology, Bengali, English ও History-তে Post Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets email করুন rayandmartin6@gmail.com-এ। কর্মস্থানঃ 10 রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. Salary- 20000/- (CTC)

□

24 ঘণ্টার জন্য সম্পূর্ণ পিছুটানহীন 45 বছরের নীচে, সংসারের সব ঘরোয়া কাজের জন্য মহিলা দরকার। মাহিনা- 13000/- থাকা, খাওয়া। 96740-04084.

□

**Publishing Industry looking for** proof readers/ English only convent educated having strong English Grammer (MA) Full time/ PF / ESI + Incentive. Call: 98300-38737.

□

**HS/+ 2 pass employee required** for sales in Monginis cake Shop at DPS Megacity 79806-13817/ 98310-77340 Interview on 30/4/26 at 4PM.

□

রামকৃষ্ণ সমাজ মিশন মঠে পূজারী/ পূজারিণী চাই। বেতন আলোচনায়। ফোন: মহারাজ 86977-29772.

□

কলাইকুন্ডা, খড়্গপুরে প্রখ্যাত রেস্টুরেন্টে অল রাউণ্ডার কুক্ চাই। ভালো বেতন। 88884-40099.

□

## কর্মখালি

মুর্শিদাবাদ জেলার জন্য নিরাপত্তা রক্ষী ও সুপারভাইজার প্রয়োজন; অনুগ্রহ করে যোগাযোগ করুন: 62006-10189/ 92045-53777.

□

**MSME Kolkata req. Mktg Exec** Graduate Exp in selling Industrial Products. Sci/Dip/BBA preferred Max Age 35 Yrs. CV- sankanj1@hotmail.com

□

মাল্টিন্যাশনাল কোম্পানিতে ৭টি শূন্যপদ আছে, অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীদের জন্য জব। যোগ্যতা- Graduate. Fixed Salary 15K-50K. Arpita Ghosh- 80179-33255.

□

অভিজ্ঞতা সম্পন্ন মহিলা টেলিকলার প্রয়োজন কলকাতার স্বনামধন্য MNC-তে। (বয়স: 30-50)। যোগাযোগ: 87778-63278.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৪ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৫ জুলাই **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১১ জুলাই দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

## কর্মখালি

পার্ক স্ট্রীটে বিদেশী **Liquor Shop**-এ ১ জন করে সেলসম্যান , স্টক ম্যানেজার, রেজিস্ট্রার রক্ষক আবশ্যক। বেতন: 9500/- থেকে 12000/- টাকা। (M): 98328-04970.

□

স্বগৃহে বই দেখে হাতে লিখে/ হাতে ফর্ম ফিলাপ করে/ Comp, ল্যাপটপ, স্মার্ট ফোনে TYPE/ ডেটা এন্ট্রি করে প্রতি সপ্তাহে আয়ের সুযোগ। Books.Com, 82748-74612

□

অবসরপ্রাপ্ত সেন্ট্রাল/স্টেট গভঃ/ **Bank/** Rail/CIL/GSI/ONGC/IOCL/DVC দের কলি কর্পোরেট হাউসে Manager পদে নিয়োগে (40-70) Graduate. Ph: 90885-07815.

□

হাওড়ায় ইঞ্জিনিয়ারিং কারখানার জন্য ২ জন অভিজ্ঞ গ্যাস কাটার-সহ ওয়েল্ডার প্রয়োজন, মিগ মেশিন চালাতে পারবে এবং ১ জন মার্কার ফিটার প্রয়োজন। খুব দ্রুত। যোগাযোগ: ৯৮৩০১-২৬২১২।

□

**(1)** উকিল (35L) **(2)** ব্যবসা/প্রকাশনা/ mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.



**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**



### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**


# ইসরোয় ৯৫ প্রথম পাতার পর

মাসে নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। ট্রেনিংয়ের মেয়াদ এক বছর। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর: ISTRAC:01:2026

শাখা অনুসারে আসনসংখ্যার বিবরণ: গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস: পোস্ট কোড-জিএ০১: কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা: ২৩টি। পোস্ট কোড-জিএ০২: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা: ২৮টি। পোস্ট কোড-জিএ০৩: ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা: ৩টি। পোস্ট কোড-জিএ০৪: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা: ৪টি। পোস্ট কোড-জিএ০৫: সিভিল ইঞ্জিনিয়ারিং: ১টি। পোস্ট কোড-জিএ০৬: বি এসসি (কম্পিউটার সায়েন্স/ইনফর্মেশন টেকনোলজি): ১টি। পোস্ট কোড-জিএ০৭: লাইব্রেরি সায়েন্স: ২টি।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট শাখায় বি ই বা বি টেক। লাইব্রেরি সায়েন্সের ক্ষেত্রে লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি। **স্টাইপেন্ড:** নির্দিষ্ট মাসিক ১২,৩০০ টাকা।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস: পোস্ট কোড-ডিএ০১: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা: ৩টি। পোস্ট কোড-ডিএ০২: ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা: ৩টি। পোস্ট কোড-ডিএ০৩: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা: ৬টি। পোস্ট কোড-ডিএ০৪: সিভিল ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা: ১টি। পোস্ট কোড-ডিএ০৫: কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং ও সমতুল শাখা: ৭টি। পোস্ট কোড-ডিএ০৬: কমার্শিয়াল প্র্যাক্টিস: ৫টি।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১০,৯০০ টাকা।

ট্রেড অ্যাপ্রেন্টিস: পোস্ট কোড-টিএ০১: ইলেক্ট্রনিক্স মেকানিক: ৪টি। পোস্ট কোড-টিএ০২: মেশিনিস্ট: ১টি। পোস্ট কোড-টিএ০৩: ইলেক্ট্রিক্যাল: ১টি। পোস্ট কোড-টিএ০৪: আইটি-টিএসএম: ১টি। পোস্ট কোড-টিএ০৫: ফিটার: ১টি।

শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ৯,৬০০ টাকা।

প্রার্থীকে অবশ্যই ২০২৪ বা ২০২৫ বা ২০২৬ সালে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকতে হবে।

এর আগে কোথাও ১ বছর বা তার বেশি সময় ধরে প্রশিক্ষণ নিয়ে থাকলে অথবা বর্তমানে প্রশিক্ষণ নিলে অথবা ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না। নিয়মানুসারে তফসিলি এবং ওবিসি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

প্রাথমিক ভাবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ নেওয়া হবে এই সব কেন্দ্রে (ব্র্যাকেটে সংশ্লিষ্ট কেন্দ্রে ইন্টারভিউয়ের তারিখ)— লখনউ (২৭ ও ২৮ অগস্ট), বেঙ্গালুরু (৯ থেকে ১১ সেপ্টেম্বর) এবং পোর্ট ব্লেয়ার (৩ ও ৪ সেপ্টেম্বর)। সব ক্ষেত্রেই রিপোর্টিং টাইম সকাল সাড়ে ৮টা।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://nats.education.gov.in/ রেজিস্ট্রেশনের পর এনরোলমেন্ট নম্বর পাওয়া যাবে। এটি অবশ্য লিখে রাখবেন।

শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র পিডিএফ ফর্ম্যাটে স্ক্যান করে ৩১ জুলাইয়ের মধ্যে পাঠাতে হবে এই ই-মেল আইডিতে— বেঙ্গালুরু কেন্দ্রের ক্ষেত্রে: apprmt_blr@istrac.gov.in, লখনউ - কেন্দ্রের ক্ষেত্রে: apprmt_lko@istrac.gov.in, পোর্ট ব্লেয়ারের (শ্রীবিজয়পুরম) ক্ষেত্রে: apprmt_ixz@istrac.gov.in

ই-মেলের সাবজেক্ট লাইনে লিখবেন: "Application for Post Code:_____" শূন্যস্থানে পোস্ট কোড লিখবেন। ই-মেলে ক্রমান্বয়ে উল্লেখ করবেন: নাম, মোবাইল নম্বর, ডিগ্রি/ডিপ্লোমা/আইটিআই পরীক্ষার বিশদ তথ্য, পরীক্ষাপাশের বছর এবং NATS এনরোলমেন্ট নম্বর।

খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.isro.gov.in

# উপার্জনের পথ দেখাচ্ছে সৌরবিদ্যুৎ প্রথম পাতার পর



বন্দোবস্ত করে ফেলা যায়।' সে জন্যই বাড়ি, ব্যবসায়িক প্রতিষ্ঠান, স্কুল-কলেজ কিংবা কৃষিকাজ সব ক্ষেত্রেই সৌরশক্তির ব্যবহার দ্রুত বাড়ছে। বিদ্যুৎ বিলে সাশ্রয়ের পাশাপাশি এটি পরিবেশ দূষণ কমাতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিদ্যুৎ বিভ্রাটের নির্ভরযোগ্য সমাধান হতে পারে সৌরশক্তি।

## কীভাবে কমে বিদ্যুতের বিল

হিসাব বলছে, একটা ফ্যান, দুটো লাইট, পিসিইউ, সোলার প্যানেল, ব্যাটারি ইত্যাদি দিয়ে পাঁচ ঘণ্টার ব্যাকআপ-সহ সোলার প্যানেল ইনস্টলেশনের খরচ ২০,০০০ টাকা। এই সেটআপ থাকলে বাড়ির বিদ্যুতের বিল অবশ্যই চোখে পড়ার মতো কমবে। ভারতরেজ সলিউশনসের কর্ণধার সঙ্গীতা সেন জানালেন, 'বাড়ির ছাদে ৩ কিলোওয়াট সোলার প্যানেল বসালে প্রতি মাসে ৩০০ ইউনিট পর্যন্ত বিদ্যুৎ সম্পূর্ণ বিনামূল্যে পাওয়া যাবে। সিস্টেম বসানোর খরচের উপর কেন্দ্রীয় সরকারের তরফে সরাসরি ব্যাঙ্ক অ্যাকাউন্টে ভর্তুকি জমা হয়। সিইএসসি বা ডব্লুবিএসইডিসিএল— যে-কোনও পরিষেবা প্রদানকারীর লাইন ব্যবহার করলেও এই সুবিধা পাওয়া যাবে। বাড়িতে সোলার সিস্টেম থেকে উৎপাদিত বিদ্যুৎ যদি দিনের বেলা ব্যবহারের পর বেঁচে যায়, তা গ্রিডে জমা হয়, যা বিদ্যুতের বিলের সঙ্গে বিন্যস্ত করা হয়। এতে ব্যবহারকারীর বিদ্যুৎ বিলের টাকা অনেক কমে যায় এবং অর্থ সাশ্রয় হয়।

## ভারতরেজ সলিউশনসের প্রশিক্ষণ

কোর্সের নাম: ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং প্রোগ্রাম অন রিনিউয়েবল এনার্জি অ্যান্ড ইটস অ্যাপ্লিকেশন
কোর্সের মেয়াদ: ১৬ দিন
কোর্স ফি: ৮,০০০ টাকা
যোগ্যতা: অন্তত মাধ্যমিক পাশ বা সমতুল
কী পড়বেন: সোলার এনার্জির মৌলিক ধারণা, সোলার প্যানেল ইনস্টলেশন ও সংযোগ, সিস্টেমের বেসিক ডিজাইন, অপারেশন ও মেইনটেন্যান্স, সেফটি প্রোটোকল এবং হাতে-কলমে কাজ।

নতুন ব্যাচের ক্লাস শুরু হবে ১৫ জুলাই থেকে।

এ ছাড়াও এমএসএমই এবং ভারতরেজ সলিউশনস যৌথ ভাবেও সোলার ট্রেনিং প্রোগ্রাম করাচ্ছে। এই বিষয়ে বিভিন্ন সময় বিজ্ঞাপন প্রকাশিত হয় এমএসএমই-র ওয়েবসাইটে। ছাত্রছাত্রীদের হাতে-কলমে প্রশিক্ষণ দেয় ভারতরেজ সলিউশনস, প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেয় এমএসএমই। এই কোর্সটি মহিলা ও সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা সম্পূর্ণ নিখরচায় করতে পারবেন। অসংরক্ষিত ক্যাটেগরির পুরুষ প্রার্থীদের ফি দিতে হবে।

## সংস্থার কাজ ও সংস্থার সঙ্গে কাজ

ভারতরেজ সলিউশনস সোলার প্যানেল ইনস্টলেশন ও ইনস্টল করা প্ল্যান্ট রক্ষণাবেক্ষণের কাজ করে। নিজেদের ইনস্টল করা সব প্ল্যান্ট তো বটেই, অন্য সংস্থার বসানো প্ল্যান্টের মেরামতির কাজও করে এই সংস্থা।

সঙ্গীতা সেন জানালেন, ভারত পেট্রোলিয়াম ও খাদি ইন্ডিয়ার মতো রাষ্ট্রায়ত্ত সংস্থার অফিসে সোলার প্লান্ট বসানোর কাজ করেন তাঁরা। পঞ্চায়েত ও জেলা পরিষদের আওতাধীন এলাকায় স্ট্রিট লাইট, হাই-মাস্ট সোলার লাইট, সৌরশক্তিতে চালিত খাওয়ার জলের পাম্পও বসান। এর পাশাপাশি, রাজ্য সরকারের ডব্লুবিটিসি এবং এনকেডিএ-র সঙ্গে যৌথ উদ্যোগেও নানা কাজ করেন। কলকাতার সুলেখা, পাটুলি ও বেহালার বাস টার্মিনাসের আলো ও পাখা, ওয়েবেল মোড়, আরএস সফটওয়্যার মোড়, কলেজ মোড়ের পুলিশ তথ্যকেন্দ্রের পাখা ও আলোও সৌরশক্তিতে চলে। কৃষিক্ষেত্রে সেচের কাজে সৌরবিদ্যুতে চালিত সোলার পাম্পও এই সংস্থা ইনস্টল করে।

তাঁর কাজের জন্য সঙ্গীতা পেয়েছেন আন্তর্জাতিক পুরস্কার, দু'বার জাতীয় পুরস্কার, গ্রিন এনার্জি নিয়ে কাজ করার জন্য বাণিজ্যিক সংস্থার বহু পুরস্কারও।

সঙ্গীতা জানালেন, 'কোর্স শেষ করার পর প্রশিক্ষার্থীরা আমাদের সংস্থায় ৩ মাসের আনপেড ইন্টার্নশিপ করতে পারবেন। এতে হাতে-কলমে প্রোজেক্টের কাজ শেখার সুযোগ মিলবে।'

এ ছাড়াও নানা ভাবে সংস্থার কাজের সঙ্গে যুক্ত হতে পারেন প্রশিক্ষিতরা—

**সার্টিফায়েড মার্কেট ডেভেলপার:** ভারতরেজ সলিউশনসের সিএমডি সার্টিফায়েড মার্কেট ডেভেলপার হয়ে স্বাধীন ভাবে ব্যবসা করতে গেলে এককালীন ন্যূনতম বিনিয়োগ করতে হবে ২৫,০০০ টাকা। অথরাইজড সার্ভিস প্রোভাইডার হিসেবে কাজ করলে বিনিয়োগ লাগবে ২৫,০০০ টাকা।

**চ্যানেল পার্টনার:** ভারতরেজ সলিউশনস অনুমোদিত চ্যানেল পার্টনার হিসেবে কাজ করতে গেলে অবশ্যই একটি দোকানঘর থাকতে হবে। এই কাজের জন্য এককালীন ন্যূনতম বিনিয়োগ করতে হবে ২০,০০০ টাকা।

**মার্কেটিং এক্সিকিউটিভ:** এই কাজ করতে বাজার এবং বিপণন সম্পর্কে ধ্যান-ধারণা থাকা দরকার, কোনও রকম বিনিয়োগের প্রয়োজন নেই।

**ডিস্ট্রিক্ট ডেভেলপার:** সৌরবিদ্যুৎ সম্পর্কে ভারতরেজ সলিউশনস অনুমোদিত প্রশিক্ষণ থাকলে তবেই ডিস্ট্রিক্ট ডেভেলপার হওয়া যায়। এই কাজ করতে গেলে কোনওরকম বিনিয়োগ লাগে না।

## সংস্থার উৎপাদিত সামগ্রী

ভারতরেজ সলিউশনস তৈরি করে সৌরবিদ্যুৎ-সংক্রান্ত বিভিন্ন সামগ্রী। এগুলির মধ্যে উল্লেখযোগ্য, রুফটপ সোলার সিস্টেম (গৃহস্থালি ও বাণিজ্যিক ব্যবহারের জন্য), সোলার স্ট্রিট লাইট ও হাই মাস্ট লাইট, সোলার ওয়াটার হিটার, সোলার পাম্প (কৃষিক্ষেত্রে ও বাড়িতে জল সরবরাহের জন্য), গার্ডেন ও পাথওয়ে সোলার লাইট, বাউন্ডারি ও সিকিউরিটি লাইটিং সিস্টেম, কাস্টমাইজড সোলার পাওয়ার সলিউশন, সোলার বাইসাইকেল লাইট, সোলার ক্যাপ, সোলার ফাউন্টেন, সোলার টর্চ, সোলার এলইডি বাল্ব, সোলার গার্ডেন লাইট, সোলার কার পারফিউম ইত্যাদি। উৎসবে বাড়িঘর, মণ্ডপ সাজানোর জন্য সোলার প্রদীপ, বোতল লাইট, টুনি লাইট ইত্যাদিও উৎপাদন করে সংস্থাটি। এ সবই ৩ ঘণ্টা সোলার চার্জের মাধ্যমে টানা ৫ ঘণ্টা চলবে। বিদ্যুৎ সংযোগের প্রয়োজন নেই, তাই যে-কোনও জায়গায় নিয়ে যাওয়া যায় নিশ্চিন্তে। ভারতরেজ সলিউশনসের সঙ্গে যোগাযোগ: সঙ্গীতা সেন: ৯৪৭৭৭-৮৪৭৬২, প্রমিতা পালিত: ৯৪৩২৩-২৬৭৫৫। ই-মেল: bharatraysolutions@gmail.com

# ভারতীয় নৌবাহিনীতে ২৭৫ অফিসার

*প্রথম পাতার পর*

উচ্চ মাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং ইংরেজিতে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **জন্মতারিখ:** ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৮ তারিখের মধ্যে হতে হবে। কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীদের ক্ষেত্রে ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৮ তারিখের মধ্যে হতে হবে।

**ন্যাভাল এয়ার অপারেশনস অফিসার (পূর্বতন অবজার্ভার):** শূন্যপদ ১৮টি (এর মধ্যে সর্বাধিক ৩টি শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং ইংরেজিতে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **জন্মতারিখ:** ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৮ তারিখের মধ্যে হতে হবে।

**এয়ার ট্রাফিক কন্ট্রোলার:** শূন্যপদ ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং ইংরেজিতে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **জন্মতারিখ:** ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৬ তারিখের মধ্যে হতে হবে।

**লজিস্টিক্স:** শূন্যপদ ১০টি (এর মধ্যে সর্বাধিক ২টি শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত)। **শিক্ষাগত যোগ্যতা:** প্রথম শ্রেণির নম্বর-সহ যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। অথবা প্রথম শ্রেণির নম্বর-সহ এমবিএ। অথবা প্রথম শ্রেণির নম্বর-সহ বি এসসি বা বি কম বা বি এসসি (আইটি), সেই সঙ্গে ফিনান্স বা লজিস্টিক্স বা সাপ্লাই চেন ম্যানেজমেন্ট বা মেটিরিয়াল ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। অথবা প্রথম শ্রেণির নম্বর-সহ এমসিএ বা এম এসসি (আইটি)। **জন্মতারিখ:** ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮ তারিখের মধ্যে হতে হবে।

**ন্যাভাল আর্মামেন্ট ইনস্পেকটোরেট ক্যাডার:** শূন্যপদ ১৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। শাখাগুলি হল— মেকানিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার অ্যাপ্লিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, এরো স্পেস, মেটালার্জি, ইলেক্ট্রনিক্স, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, মেটালার্জিক্যাল, মাইক্রো ইলেক্ট্রনিক্স, প্রোডাকশন, কেমিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, ইনস্ট্রুমেন্টেশন, মেটিরিয়াল সায়েন্স, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন। অথবা, ইলেক্ট্রনিক্স বা ফিজিক্সে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি। সেই সঙ্গে প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং ইংরেজিতে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **জন্মতারিখ:** ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮ তারিখের মধ্যে হতে হবে।

**এডুকেশন:** এম এসসি, এম এ-র ক্ষেত্রে শূন্যপদ ৫টি। বি ই, বি টেক, এম ই, এম টেকের ক্ষেত্রে শূন্যপদ ৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** ৬০ শতাংশ নম্বর-সহ ম্যাথস বা অপারেশনাল রিসার্চে স্নাতকোত্তর ডিগ্রি, সে ক্ষেত্রে স্নাতক স্তরে ফিজিক্স পড়ে থাকতে হবে। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ ফিজিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি, সে ক্ষেত্রে স্নাতক স্তরে ম্যাথস পড়ে থাকতে হবে। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ মেটিয়োরোলজি বা ওশানোগ্রাফি বা অ্যাটমোস্ফেরিক সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি, সে ক্ষেত্রে স্নাতক স্তরে ফিজিক্স ও ম্যাথস পড়ে থাকতে হবে। অথবা ৫৫ শতাংশ নম্বর-সহ হিস্ট্রিতে এম এ। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। অথবা ৬০ শতাংশে নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন শাখায় বি ই বা বি টেক। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা কন্ট্রোলস বা রেডার অ্যান্ড মাইক্রোওয়েভ বা অপটিক্যাল ফাইবার কমিউনিকেশন বা ডিজিটাল সিগনাল প্রসেসিং বা ওয়্যারলেস কমিউনিকেশন বা লেজার অ্যান্ড ইলেক্ট্রো অপটিক্স, ভিএলএসআই, পাওয়ার সিস্টেমস, কমিউনিকেশনস সিস্টেমস, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশনে এম ই বা এম টেক। অথবা ৬০ শতাংশ নম্বর-সহ থার্মাল বা প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বা মেশিন ডিজাইন বা সিস্টেম অ্যান্ড কন্ট্রোলস বা ম্যানুফ্যাকচারিং বা মেকাট্রনিক্স বা মেটিয়োরোলজি বা ওশানোগ্রাফি বা বা অ্যাটমোস্ফেরিক সায়েন্সেসে এম ই বা এম টেক, সে ক্ষেত্রে স্নাতক স্তরে ফিজিক্স ও ম্যাথস পড়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং ইংরেজিতে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **জন্মতারিখ:** এম ই বা এম টেক ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২-৭-২০০০ থেকে ১-৭-২০০৬ তারিখের মধ্যে হতে হবে। বাকি সব ক্ষেত্রে ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৬ তারিখের মধ্যে হতে হবে।

**ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস):** শূন্যপদ ২৪টি (এর মধ্যে সর্বাধিক ৪টি শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। শাখাগুলি হল— মেরিন ইঞ্জিনিয়ারিং, অ্যারো স্পেস ইঞ্জিনিয়ারিং, মেটালার্জি ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইলস ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, মেকানিক্যাল বা অটোমেশন-সহ মেকানিক্যাল। **জন্মতারিখ:** ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮ তারিখের মধ্যে হতে হবে।

**সাবমেরিন টেক ইঞ্জিনিয়ারিং:** শূন্যপদ ৮টি (পুরুষ)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। শাখাগুলি হল— মেরিন ইঞ্জিনিয়ারিং, অ্যারো স্পেস ইঞ্জিনিয়ারিং, মেটালার্জি ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইলস ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, মেকানিক্যাল বা অটোমেশন-সহ মেকানিক্যাল। **জন্মতারিখ:** ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮ তারিখের মধ্যে হতে হবে।

**ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস):** শূন্যপদ ৩২টি (এর মধ্যে সর্বাধিক ৫টি শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। শাখাগুলি হল— ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, টেলি কমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি কমিউনিকেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন। **জন্মতারিখ:** ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮ তারিখের মধ্যে হতে হবে।

**সাবমেরিন টেক ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ ৮টি (পুরুষ)। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। শাখাগুলি হল— ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইনস্ট্রুমেন্টেশন, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, টেলি কমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি কমিউনিকেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন। **জন্মতারিখ:** ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮ তারিখের মধ্যে হতে হবে।

**ন্যাভাল কনস্ট্রাক্টর:** শূন্যপদ ১৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ নিম্নলিখিত যে-কোনও একটি ইঞ্জিনিয়ারিং শাখায় বি ই বা বি টেক। শাখাগুলি হল— মেকানিক্যাল বা অটোমেশন-সহ মেকানিক্যাল, সিভিল, অ্যারোনটিক্যাল, অ্যারো স্পেস, মেটালার্জি, ন্যাভাল আর্কিটেকচার, ওশান ইঞ্জিনিয়ারিং, মেরিন ইঞ্জিনিয়ারিং, শিপ টেকনোলজি, শিপ বিল্ডিং, শিপ ডিজাইন। **জন্মতারিখ:** ২-৭-২০০২ থেকে ১-১-২০০৮ তারিখের মধ্যে হতে হবে।

এনসিসি 'সি' সার্টিফিকেটধারীরা শর্তসাপেক্ষে শিক্ষাগত যোগ্যতার নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। ১-৭-২০২৪ তারিখের আগে প্রাপ্ত সার্টিফিকেট গণ্য করা হবে না।

প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ট্রেনিং হবে কেরলের এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে। নিয়োগ হবে সাব-লেফটেন্যান্ট র‍্যাঙ্কে।

**মূল বেতন:** নির্দিষ্ট মাসিক ১,২০,০০০ টাকা (আনুমানিক)। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in. প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ২৭ জুলাই। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র জেপিজি বা টিআইএফএফ ফর্ম্যাটে আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

**STEEL AUTHORITY OF INDIA LIMITED**
**Central Marketing Organisation**
Ispat Bhawan, 40, Jawaharlal Nehru Road, Kolkata-700071

**WALK-IN- INTERVIEW FOR MEDICAL DISCIPLINE ON CONTRACT FOR SERVICE BASIS**

Central Marketing Organisation (CMO), a unit of Steel Authority of India Limited (SAIL), invites applications from eligible candidates for Walk-in-Interview for engagement of **General Duty Medical Officer (GDMO)** on contract for service basis for its **Medical Unit at Ispat Bhavan, 40, Jawaharlal Nehru Road, Kolkata - 700 071.**

Eligible candidates may appear for Walk-in-Interview with filled-in application form and relevant documents on **04.07.2026** from **10.00 AM** onwards at **Ispat Bhavan, 40 Jawaharlal Nehru Road, Kolkata - 700 071**

| Discipline | Nos. of Post | Upper Age limit as on 16.07.2026 | Essential Qualification | Monthly Remuneration |
|---|---|---|---|---|
| GDMO | 01 | 69 years | MBBS | Rs. 90,000/- to Rs. 1,60,000/-* *(may vary based on qualification)* |

For full details of advertisement please visit Company's website at www.sail.co.in at the link "Careers". Any subsequent changes, if made, shall be communicated through SAIL website www.sail.co.in under "Careers". Candidates are advised to keep themselves updated of the changes, if any.

Registered Office: Ispat Bhawan, Lodi Road, New Delhi 110 003

*There's a little bit of SAIL in everybody's life*

## জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার, জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার ও জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদে ৫০ জনকে নেবে ন্যাশনাল বোর্ড অব এক্সামিনেশনস ইন মেডিক্যাল সায়েন্সেস। এটি কেন্দ্রের স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: A-12011/3/2025-ESTB

**শূন্যপদের বিবরণ: জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট:** ৪টি (সাধারণ ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক, অন্যতম বিষয় হিসেবে ম্যাথস বা স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে। অথবা বি কম। কোনও সরকারি সংস্থায় কম্পিউটারে অ্যাকাউন্টসের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

**স্টেনোগ্রাফার:** ৭টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে স্টেনোগ্রাফিতে মিনিটে ৮০টি শব্দ এবং টাইপিংয়ে মিনিটে ৩০টি শব্দের দক্ষতা থাকতে হবে। কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে স্টেনোগ্রাফিতে ২ বছরের অভিজ্ঞতা-সহ কম্পিউটার-জ্ঞান থাকলে অগ্রাধিকার। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-৪ অনুসারে।

**জুনিয়র অ্যাসিস্ট্যান্ট:** ৩৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ৩টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে কম্পিউটার-বিষয়ক জ্ঞান থাকতে হবে। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-২ অনুসারে।

**বয়স:** ২০-৭-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের পরীক্ষার মাধ্যমে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ৫ ও ৬ সেপ্টেম্বর। প্রথম পর্যায়ে থাকবে ২০০ নম্বরের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা। অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়ারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও ইংলিশ কম্প্রিহেনশন বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে। সময়সীমা ৩ ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ে ১০০ নম্বরের পরীক্ষা হবে কম্পিউটার লেভেল বা স্কিল বিষয়ে। সময় ৭৫ মিনিট। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://natboard.edu.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২০ জুলাই পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (জিএসটি অতিরিক্ত)। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

SBI
The banker to every Indian

**ভারতীয় স্টেট ব্যাঙ্ক**
**স্থানীয় প্রধান কার্যালয়, কলকাতা**
সমৃদ্ধি ভবন, ১, স্ট্র্যান্ড রোড, কলকাতা - ৭০০ ০০১

**এসবিআই, স্থানীয় প্রধান কার্যালয়, কলকাতা, সমৃদ্ধি ভবন, ১, স্ট্র্যান্ড রোড, কলকাতা – ৭০০০০১ -এ চুক্তিভিত্তিক চক্ষু বিশেষজ্ঞ নিয়োগ**

ভারতীয় স্টেট ব্যাঙ্ক, স্থানীয় প্রধান কার্যালয় লোকাল হেড অফিস, কলকাতা-তে চুক্তিভিত্তিক নিয়োগের জন্য যোগ্য ভারতীয় নাগরিক চক্ষু বিশেষজ্ঞদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে।

নিয়োগের বিস্তারিত বিবরণ:

| | |
|---|---|
| শূন্যপদের সংখ্যা | ১ (এক) |
| যোগ্যতা: | আবশ্যিক:<br>●স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অভিজ্ঞতা / বাঞ্ছনীয় যোগ্যতা:<br>● স্নাতকোত্তর ডিগ্রি অর্জনের পর চক্ষুচিকিৎসাবিজ্ঞানের ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা।<br>●সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত সার্টিফিকেশন। |
| কাজের সময় | দিনে ২ ঘণ্টা, সপ্তাহে ২ কর্মদিবস। |
| মানদেয় | প্রতি ঘণ্টা পরিষেবা বা উপস্থিতির জন্য ২,০০০ টাকা এবং প্রকৃত পরিবহণ খরচ বাবদ মাসিক সর্বোচ্চ ৩,২০০ টাকা পর্যন্ত (ব্যাঙ্ক কর্তৃক সংশোধিত হলে এই মানদেয় পরিবর্তনযোগ্য)। |
| চুক্তির ধরন | নিয়োগের মেয়াদ হবে এক বছর, তবে উভয় পক্ষের যেকোনো একটি পক্ষ এক মাসের লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে এই চুক্তি বাতিল করতে পারবে। এক বছর পর এই ব্যবস্থার পুনর্মূল্যায়ন করা হবে। এ বিষয়ে নিয়োগের সময় একটি চুক্তি সম্পাদন করা হবে। প্রার্থীর উপযুক্ততা বিষয়ে ব্যাঙ্কের সিদ্ধান্তই চূড়ান্ত ও অকাট্য বলে গণ্য হবে। |
| পরিষেবা প্রদান | ব্যাঙ্কের কর্মী, অবসরপ্রাপ্ত কর্মী এবং তাঁদের ওপর নির্ভরশীল পরিবারের সদস্যদের চোখের নিয়মিত পরীক্ষা ও চোখের বিভিন্ন রোগের চিকিৎসার জন্য পরামর্শ পরিষেবা। |
| আমাদের অফিসে আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ নিচে উল্লেখ করা হলো। | বিজ্ঞাপন প্রকাশের তারিখ থেকে ১৫ দিন। |

ছবি ও স্বাক্ষরসহ আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত নথিপত্রগুলোর স্ব-প্রত্যয়িত ফটোকপি সংযুক্ত করতে হবে:

(I) পরিচয়পত্র, (ii) ঠিকানার প্রমাণপত্র, (iii) বয়সের প্রমাণপত্র, (iv) শিক্ষাগত যোগ্যতা এবং (v) উল্লিখিত মানদণ্ড অনুযায়ী পেশাগত অভিজ্ঞতার প্রমাণপত্র। উক্ত আবেদনপত্র পোস্ট বা কুরিয়ারের মাধ্যমে খামের উপরে অবশ্যই "চুক্তিভিত্তিক চক্ষু বিশেষজ্ঞ পদের জন্য আবেদন" কথাটি লিখে "সহায়ক মহা প্রবন্ধক (মানবসম্পদ), ভারতীয় স্টেট ব্যাঙ্ক, মানবসম্পদ বিভাগ, সমৃদ্ধি ভবন, ১, স্ট্র্যান্ড রোড, কলকাতা – ৭০০০০১" এই ঠিকানায় পাঠাতে হবে। বিজ্ঞাপন প্রকাশের ১৫ দিনের মধ্যে আবেদনপত্রটি উল্লিখিত ঠিকানায় পৌঁছাতে হবে।

# কেন্দ্রীয় সরকারে ৩৬০

প্রথম পাতার পর

প্রযুক্তিগত রিপোর্ট লেখার ৫ বছরের অভিজ্ঞতা থাকলে বা ২ বছরের প্রশাসনিক অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১১ অনুসারে। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে কৃষি এবং কৃষক কল্যাণ মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭০৩৬ ২৭: অ্যারোনটিক্যাল অফিসার:** ১১টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** অ্যারোনটিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা মেকানিক্যাল বা মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে গবেষণা-সংক্রান্ত কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে সিভিল অ্যাভিয়েশন মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭০৪২২৭: লিগ্যাল অফিসার:** ১২টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** আইনে স্নাতক। পাশাপাশি, সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বিমান পরিবহণ-সংক্রান্ত বিষয়ে ১ বছরের আইনি অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে সিভিল অ্যাভিয়েশন মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭০৫২২৭: কোম্পানি প্রসিকিউটর:** ১৮টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** আইনে স্নাতক ডিগ্রি বা ইন্টিগ্রেটেড ডিগ্রি। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে কর্পোরেট অ্যাফেয়ার্স মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭০৯৪২৭: সিভিলিয়ান অ্যাসিস্ট্যান্ট সিকিউরিটি অফিসার:** ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক-সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা। ফায়ার ফাইটিং বিষয়ে ট্রেনিং থাকলে অগ্রাধিকার। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে প্রতিরক্ষা মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭১২১২৭: স্পেশ্যালিস্ট গ্রেড থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (কার্ডিওলজি):** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭১৩১২৭: স্পেশ্যালিস্ট গ্রেড থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (কার্ডিও ভাসকুলার অ্যান্ড থোরাসিক সার্জারি):** ৪টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭১৪১২৭: স্পেশ্যালিস্ট গ্রেড থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (নিউরোলজি):** ২১টি (সাধারণ ৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭১৮১২৭: স্পেশ্যালিস্ট গ্রেড থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন):** ৬টি (সাধারণ ৩, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭১৯৫২৭: স্পেশ্যালিস্ট গ্রেড থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (সোশ্যাল অ্যান্ড প্রিভেন্টিভ মেডিসিন অর কমিউনিটি মেডিসিন):** ১১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭২০১২৭: স্পেশ্যালিস্ট গ্রেড থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ইউরোলজি):** ৬টি (সাধারণ ১, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। **ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭৪৮১২৭: স্পেশ্যালিস্ট গ্রেড থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (প্লাস্টিক অ্যান্ড রিকনস্ট্রাক্টিভ সার্জারি):** ৫টি (সাধারণ ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭৪৯১২৭: স্পেশ্যালিস্ট গ্রেড থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (অর্থোপেডিক্স):** ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭৫০১২৭: স্পেশ্যালিস্ট গ্রেড থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (পেডিয়াট্রিক্স):** ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭৫১১২৭: স্পেশ্যালিস্ট গ্রেড থ্রি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (পেডিয়াট্রিক সার্জারি):** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ৩, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** এমবিবিএস। সেই সঙ্গে সংশ্লিষ্ট শাখায় পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি (প্রযোজ্য ক্ষেত্রে ডিপ্লোমা ও ট্রেনিং)-সহ ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-১১ অনুসারে। সঙ্গে নন-প্র্যাক্টিসিং অ্যালাওয়েন্স। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭২১৪২৭: অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অব সেনসাস অপারেশনস:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্ট্যাটিস্টিক্স বা অপারেশনাল রিসার্চ বা পপুলেশন সায়েন্সেস বা ডেমোগ্রাফি বা ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে স্বরাষ্ট্র মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭২৪৪২৭: সাব-রিজিওনাল এমপ্লয়মেন্ট অফিসার:** ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** সোশ্যাল ওয়েলফেয়ার বা সোশ্যাল ওয়ার্ক বা সোশিওলজি বা লেবার ওয়েলফেয়ার বা ইকনমিক্স বা স্ট্যাটিস্টিক্স বা সাইকোলজি বা কমার্স বা এডুকেশনে স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে শ্রম এবং কর্মসংস্থান মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭৩০৪২৭: রাজভাষা অধিকারী:** ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ওবিসি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** হিন্দিতে স্নাতকোত্তর ডিগ্রি, সে ক্ষেত্রে স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা ইংরেজিতে স্নাতকোত্তর ডিগ্রি, সে ক্ষেত্রে স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে। অথবা হিন্দি মাধ্যমে হিন্দি ও ইংরেজি ছাড়া অন্য যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সে ক্ষেত্রে স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে। অথবা ইংরেজি মাধ্যমে হিন্দি ও ইংরেজি ছাড়া অন্য যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সে ক্ষেত্রে স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে। সেই সঙ্গে হিন্দি থেকে ইংরেজি বা ইংরেজি থেকে হিন্দিতে অনুবাদের কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। ১ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে রেল মন্ত্রকে।

**ভ্যাকেন্সি নম্বর ২৬০৬০৭৫২১২৭: ড্রাগ ইনস্পেক্টর:** ১৮৬টি (সাধারণ ৫৫, তফসিলি জাতি ৩৫, তফসিলি উপজাতি ১৬, ওবিসি ৩৯, আর্থিক ভাবে অনগ্রসর ৪১)। এর মধ্যে ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** ক্লিনিক্যাল ফার্মাকোলজি বা মাইক্রোবায়োলজিতে স্পেশ্যালাইজেশন-সহ ফার্মাসি বা ফার্মাসিউটিক্যাল সায়েন্সেস বা মেডিসিনে স্নাতক ডিগ্রি। বয়স: ৩০ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: সপ্তম বেতন কমিশনের লেভেল-৮ অনুসারে। ২ বছরের প্রবেশন। নিয়োগ করা হবে স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ মন্ত্রকে।

১৭-৭-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upsconline.nic.in/ora/ দরখাস্তের শেষ তারিখ ১৭ জুলাই। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো), স্ক্যান করা ফটো, সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ২৫ টাকা। ফি দেওয়া যাবে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউপিআই বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। মহিলা, তফসিলি ও প্রতিবন্ধী প্রার্থীদের ফি লাগবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.upsc.gov.in প্রয়োজনে তথ্যের জন্য ফোন করতে পারেন এই হেল্পলাইন নম্বরে: (011) 2404-1001 অথবা (011) 4030-3444.

# ইন্ডিয়ান অয়েলে ১৫১৯ অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

১২০টি। বঙ্গাইগাঁও রিফাইনারি: ৪৩টি। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছরের বি এসসি। ম্যাথস, ফিজিক্স, কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০২: ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার)/মেকানিক্যাল: পারাদীপ রিফাইনারি:** ৫৯টি। **মথুরা রিফাইনারি:** ১৪টি। **গুজরাট রিফাইনারি:** ৮৭টি। **বঙ্গাইগাঁও রিফাইনারি:** ৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে ফিটার ট্রেডে ২ বছরের আইটিআই কোর্স পাশ। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৩: ট্রেড অ্যাপ্রেন্টিস (বয়লার)/মেকানিক্যাল: মথুরা রিফাইনারি:** ১৪টি। **গুজরাট রিফাইনারি:** ১৯টি। **বঙ্গাইগাঁও রিফাইনারি:** ১৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছরের বি এসসি। ম্যাথস, ফিজিক্স, কেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ২৪ মাস।

**পোস্ট কোড ১০৪: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস/কেমিক্যাল: পারাদীপ রিফাইনারি:** ১৩০টি। **মথুরা রিফাইনারি:** ২২টি। **গুজরাট রিফাইনারি:** ১২০টি। **বঙ্গাইগাঁও রিফাইনারি:** ১৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কেমিক্যাল টেকনোলজি বা রিফাইনারি অ্যান্ড পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৫: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস/মেকানিক্যাল: পারাদীপ রিফাইনারি:** ৬০টি। **মথুরা রিফাইনারি:** ১৫টি। **গুজরাট রিফাইনারি:** ৮১টি। **বঙ্গাইগাঁও রিফাইনারি:** ২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৬: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস/ইলেক্ট্রিক্যাল: পারাদীপ রিফাইনারি:** ৮০টি। **মথুরা রিফাইনারি:** ১৫টি। **গুজরাট রিফাইনারি:** ১০১টি। **বঙ্গাইগাঁও রিফাইনারি:** ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৭: টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস/ইনস্ট্রুমেন্টেশন: পারাদীপ রিফাইনারি:** ২০টি। **মথুরা রিফাইনারি:** ১৫টি। **গুজরাট রিফাইনারি:** ৫১টি। **বঙ্গাইগাঁও রিফাইনারি:** ৯টি। **শিক্ষাগত যোগ্যতা:** ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১০৮: ট্রেড অ্যাপ্রেন্টিস-সেক্রেটারিয়াল অ্যাসিস্ট্যান্ট: পারাদীপ রিফাইনারি:** ২৩টি। **মথুরা রিফাইনারি:** ২৯টি। **গুজরাট রিফাইনারি:** ৩৪টি। **বঙ্গাইগাঁও রিফাইনারি:** ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ৩ বছরের বি এ বা বি এসসি বা বি কম। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১৫ মাস।

**পোস্ট কোড ১১০: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (ফ্রেশার অ্যাপ্রেন্টিসেস): পারাদীপ রিফাইনারি:** ২০টি। **মথুরা রিফাইনারি:** ৫টি। **গুজরাট রিফাইনারি:** ১৭টি। **বঙ্গাইগাঁও রিফাইনারি:** ৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

**পোস্ট কোড ১১১: ট্রেড অ্যাপ্রেন্টিস-ডেটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার): পারাদীপ রিফাইনারি:** ৯টি। **মথুরা রিফাইনারি:** ৩টি। **গুজরাট রিফাইনারি:** ১৫টি। **বঙ্গাইগাঁও রিফাইনারি:** ২টি। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক পাশ। সেই সঙ্গে ডোমেস্টিক ডেটা এন্ট্রি অপারেটর বিষয়ে স্কিল সার্টিফিকেট থাকতে হবে। **ট্রেনিংয়ের মেয়াদ:** ১২ মাস।

উচ্চ মাধ্যমিক, স্নাতক ও ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে আসন সংরক্ষিত থাকবে।

**বয়স:** ৩০-৬-২০২৬ তারিখে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

পারাদীপ রিফাইনারির ক্ষেত্রে বিজ্ঞপ্তি নম্বর: - PDR/HR/01/Apprentices-26, মথুরা রিফাইনারির ক্ষেত্রে বিজ্ঞপ্তি নম্বর: MR/HR/APPI/2026-27, গুজরাট রিফাইনারির ক্ষেত্রে বিজ্ঞপ্তি নম্বর: JR/01/2026-27 এবং বঙ্গাইগাঁও রিফাইনারির ক্ষেত্রে বিজ্ঞপ্তি নম্বর: BGR/Appr/2026/03.

শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

প্রার্থীকে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে: https://nats.education.gov.in/ (টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে), https://apprenticeshipindia.gov.in/ (ট্রেড অ্যাপ্রেন্টিসের ক্ষেত্রে)। সব শেষে বাকি প্রয়োজনীয় তথ্য আপলোড করার জন্য মাইক্রোসফট ফর্মের লিঙ্ক পাবেন।

আবেদনের শেষ তারিখ ২৮ জুলাই।

খুঁটিনাটি জানতে দেখুন এই ওয়েবসাইট: www.iocl.com

# রেলে ৬৫৫৭ টেকনিশিয়ান

প্রথম পাতার পর

মধ্যে হতে হবে। বেতনক্রম: গ্রেড-ওয়ানের ক্ষেত্রে সপ্তম বেতন কমিশনের লেভেল-৫ ও গ্রেড-থ্রিয়ের ক্ষেত্রে লেভেল-২ অনুসারে। শুরুতে বেতন: গ্রেড-ওয়ানের ক্ষেত্রে ২৯,২০০ টাকা এবং গ্রেড-থ্রিয়ের ক্ষেত্রে ১৯,৯০০ টাকা।

অনলাইন আবেদন করা যাবে ২৯ জুলাই পর্যন্ত। পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েবসাইটগুলি হল: www.rrbkolkata.gov.in (কলকাতা আরআরবি), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি আরআরবি), www.rrbmalda.gov.in (মালদা আরআরবি)।

প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই নিয়োগের খবর কর্মক্ষেত্র-র ২০ মে সংখ্যায় আগাম প্রকাশ করা হয়েছিল। এ সপ্তাহের কর্মক্ষেত্র ছাপতে যাওয়া পর্যন্ত এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়নি। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা কর্মক্ষেত্র-য় অবশ্যই জানানো হবে।

আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটগুলিতে। এ ছাড়াও দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.rrbapply.gov.in

# রিলায়েন্সে ডিপ্লোমা ইঞ্জিনিয়ার

প্রথম পাতার পর

করে থাকতে হবে নির্দিষ্ট ৩ বছরের মধ্যেই।

সংস্থার তরফে জানানো হয়েছে, কারিগরি জ্ঞান, বিশ্লেষণী দক্ষতা বা অ্যানালিটিক্যাল স্কিল ও ইংরেজির সাধারণ জ্ঞান যাচাই এবং ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। আগ্রহীরা আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://detreg.ril.com

# কী পড়বেন, কোথায় পড়বেন

## প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর কোর্স

অ্যাস্ট্রোফিজিক্স, বায়োটেকনোলজি এবং ভিরোলজি অ্যান্ড ইমিউনোলজির স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর।

কোর্সের বিবরণ: অ্যাস্ট্রোফিজিক্স ১৮টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স বা অ্যাস্ট্রোফিজিক্সে অনার্স-সহ তিন বা চার বছরের বি এসসি কোর্স পাশ।

বায়োটেকনোলজি ৩০টি। ভিরোলজি অ্যান্ড ইমিউনোলজি ২০টি। শিক্ষাগত যোগ্যতা: লাইফ সায়েন্স বা বায়োটেকনোলজিতে অনার্স-সহ তিন বা চার বছরের বি এসসি কোর্স পাশ, স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। অথবা কেমিস্ট্রিতে অনার্স-সহ তিন বা চার বছরের বি এসসি কোর্স পাশ।

সব ক্ষেত্রেই স্নাতক স্তরে অন্তত ৬.৫ (তফসিলিদের ক্ষেত্রে ৪.৮৭৫, ওবিসিদের ক্ষেত্রে ৫.৮৫ এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫.৭০) সি জি পি এ স্কোর করে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ১৮ জুলাই।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.presiuniv.ac.in আবেদনের শেষ তারিখ ৫ জুলাই। প্রার্থীর চালু ই-মেল আই ডি ও মোবাইল নম্বর থাকতে হবে। আবেদনের সময় প্রার্থীর ফটো, সই ও প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ডিজিটাল লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা

ডিজিটাল লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেসের সেন্টার ফর লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন ম্যানেজমেন্ট স্টাডিজ। কোর্সটি পড়ানো হবে মুম্বইয়ে। কোর্স শুরু হবে নভেম্বরে।

কোর্সের বিবরণ: আসনসংখ্যা ২৫টি। শিক্ষাগত যোগ্যতা: লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্সে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি বা পি এইচ ডি। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

কোর্স ফি ৪৭,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদন করতে হবে অনলাইনে, এই ওয়েবসাইটের মাধ্যমে: https://admissions.tiss.ac.in আবেদনের শেষ তারিখ ১০ অগস্ট।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ডায়মন্ড হারবার উইমেনস ইউনিভার্সিটিতে একাধিক বিষয়ে পিএইচডি-র সুযোগ

নিজস্ব প্রতিনিধি: একাধিক বিষয়ে পিএইচডি করার সুযোগ রয়েছে ডায়মন্ড হারবার উইমেনস ইউনিভার্সিটিতে। বাংলা, ইংরেজি, ইতিহাস, এডুকেশন, দর্শনশাস্ত্র, রাষ্ট্রবিজ্ঞান, সংস্কৃত, উইমেনস স্টাডিজ, রসায়ন, ভূগোল, গণিত, প্রাণিবিদ্যা এবং পদার্থবিদ্যায় পিএইচডি করা যাবে। কোর্সের মেয়াদ ন্যূনতম তিন বছর। সর্বাধিক ছ'বছর পর্যন্ত চলতে পারে। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

আসনসংখ্যা: ৮৯টি (সব মিলিয়ে)।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতকোত্তর ডিগ্রি। ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট অথবা স্টেট এলিজিবিলিটি টেস্ট উত্তীর্ণ হতে হবে।

আবেদনের শেষ দিন: ১৫ জুলাই, বিকেল চারটের মধ্যে।

আবেদনের ফি: ১,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ২৭ জুলাই।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য তথ্যের জন্য দেখুন ডায়মন্ড হারবার উইমেনস ইউনিভার্সিটির এই ওয়েবসাইট: www.dhwu.ac.in

## পর্যটনে স্নাতকোত্তর ডিপ্লোমা

নিজস্ব প্রতিনিধি: দেশের অর্থনীতি অনেকটাই নির্ভর করে পর্যটন শিল্পের উপর। ভারতে কেন্দ্রীয় ও রাজ্য, উভয় সরকারই চেষ্টা করছে পর্যটন ক্ষেত্রকে আরও প্রসারিত করার। ক্রমশ এ দেশেও পর্যটন শিল্পে কাজের সুযোগ বাড়ছে।

পর্যটন ক্ষেত্রের বিবিধ কাজের প্রশিক্ষণ নেওয়া থাকলে কাজ পেতে সুবিধে হয়। এই বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েশন ডিপ্লোমা কোর্স করাবে বেলুড়ের রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির। ১ বছরের এই কোর্স করতে পারবেন শুধু ছেলেরা। কোর্সের অন্তর্ভুক্ত ১ মাসের ইন্টার্নশিপ। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই। আগে এলে আগে ভর্তি পদ্ধতিতে ভর্তি নেওয়া হবে।

কোর্সের নাম: পিজি ডিপ্লোমা ইন ট্যুরিজম অ্যান্ড ট্র্যাভেল

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক

কোর্সের মেয়াদ: ১ বছর। দু'টি সেমিস্টার

আসনসংখ্যা: ৪০

ক্লাসের সময়: শনিবার ও রবিবার। দুপুর সাড়ে তিনটে থেকে সন্ধে সাড়ে ছ'টা

পঠনপাঠনের মাধ্যম: বাংলা ও ইংরেজি

আবেদন করার শেষ দিন: ২০ অগস্ট

ক্লাস শুরু হবে: ২২ অগস্ট

কোর্স ফি: ৩০,০০০ টাকা (জিএসটি-সহ)

অনলাইন আবেদন করা যাবে। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.vidyamandira.ac.in

# কী শিখবেন, কোথায় শিখবেন

## কর্মক্ষেত্রে উন্নতির জন্য প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: চাকরি বা নিজের ব্যবসায় উন্নতি করতে কাজের প্রতি নিষ্ঠা এবং সেই কাজ সম্পর্কে যথেষ্ট জ্ঞান থাকা জরুরি। এর পাশাপাশি হতে হবে সপ্রতিভ। কর্মীদের সঙ্গে ব্যবহার হতে হবে ভালো। জানতে হবে কথা বলার কৌশল। বুঝতে হবে ক্রেতার মন। চাকরির ক্ষেত্রে পদোন্নতি কিংবা ব্যবসায় উন্নতি— দুই-ই এই সামান্য কয়েকটি স্বাভাবিক কৌশলের উপর অনেকটা নির্ভর করে।

আবার অনেকে, কাজ সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকা সত্ত্বেও নিজেকে প্রকাশ করতে বা তুলে ধরতে পারেন না। ফলে উন্নতিও অধরা থেকে যায়। বিশেষ করে কর্পোরেট জগতে এই দিকটা রপ্ত করা খুব জরুরি।

ডিগ্রি অর্জনের পাশাপাশি এই তথাকথিত 'স্কিল'গুলি আয়ত্ব করা প্রয়োজন। এ বিষয়ে সবচেয়ে ভালো পরামর্শ দিতে পারবেন বিভিন্ন পেশায় অভিজ্ঞ ও দক্ষরা।

অনলাইনে এ রকমই বিবিধ ব্যক্তিগত দক্ষতা বৃদ্ধির সার্টিফিকেট কোর্স করাবে বেলুড়ের রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির। কোর্স শেষে সার্টিফিকেট দেবে প্রতিষ্ঠানের কেরিয়ার অ্যান্ড কাউন্সেলিং বিভাগ। আগ্রহীরা কোর্সে ভর্তি হওয়ার জন্য আবেদন করতে পারেন এখনই।

### কী-কী কোর্স

#### এসথেটিক্স স্কিলস

প্রশিক্ষণ দেবেন বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের শিল্প সদনের ডিজাইন অ্যান্ড এসথেটিক্সের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর মৃণালকান্তি সরকার।

কী শিখবেন: সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা, পর্যবেক্ষণ ক্ষমতার উন্নতি, যোগাযোগ স্থাপন করা ইত্যাদি।

কোর্সের মেয়াদ: ৬ মাস।

ক্লাসের সময়: শনিবার সন্ধে ৭টা।

কোর্স ফি: ৩,৫০০ টাকা

#### কর্পোরেট লিডার

প্রশিক্ষণ দেবেন কর্নেল ডঃ শান্তনু রায়।

কী শিখবেন: কনফ্লিক্ট ম্যানেজমেন্ট, সেলফ কন্ট্রোল, ডিসিশন মেকিং, ওভারকামিং ফিয়ার, পাওয়ার অব ইনফ্লুয়েন্স অ্যান্ড নেগোসিয়েশন ইত্যাদি। পঠনপাঠন অনলাইন হলেও, অফলাইন প্র্যাক্টিক্যাল ট্রেনিং থাকবে।

কোর্সের মেয়াদ: ৪ মাস।

কোর্স ফি: ২,০০০ টাকা।

#### ইন্টারভিউ ক্র্যাকিং অ্যান্ড পাবলিক স্পিকিং স্কিলস

প্রশিক্ষণ দেবেন অমিত বন্দ্যোপাধ্যায়।

কী শিখবেন: কীভাবে ইন্টারভিউয়ের সম্মুখীন হতে হয়, কণ্ঠস্বর, ভয় কাটানো উপায়, ঠোঁট, জিভ ও দাঁতের সঠিক ব্যবহার।

কোর্সের মেয়াদ: ৩ মাস।

কোর্স ফি: ২,৩৬০ টাকা।

#### মার্কেটিং সাইকোলজি অ্যান্ড কনজিউমার বিহেভিয়ার

প্রশিক্ষণ দেবেন মৃণাল চক্রবর্তী।

কী শিখবেন: ইনসাইড কনজিউমার মাইন্ড, সাইকোলজি অব বাইং, স্মার্ট কনজিউমার মার্কেটিং।

কোর্সের মেয়াদ: ৬ মাস।

কোর্স ফি: ৩,০০০ টাকা।

কোর্সগুলিতে ভর্তির জন্য অনলাইন আবেদন করতে হবে। বিস্তারিত জানতে দেখুন এই ওয়েবসাইট: www.vidyamandira.ac.in

## এগ্রি বিজনেস ও এগ্রিপ্রেনারশিপ সংক্রান্ত সরকারি প্রশিক্ষণ

কৃষি-জাত পণ্য-সংক্রান্ত ব্যবসা করতে ও স্বনির্ভর হয়ে উঠতে আগ্রহীদের প্রশিক্ষণ দিচ্ছে ইনোভেশন অ্যান্ড অন্ত্রেপ্রেনারশিপ ফেডারেশন। এটি কেন্দ্রের ন্যাশনাল ইনস্টিটিউট অব এগ্রিকালচারাল মার্কেটিংয়ের অধীনস্থ।

প্রশিক্ষণের বিবরণ: **স্টুডেন্ট ওরিয়েন্টেশন প্রোগ্রাম:** এই প্রোগ্রামের মাধ্যমে স্কুল স্তর ছাত্রছাত্রীদের মধ্যে আঞ্চলিক, জাতীয় ও আন্তর্জাতিক স্তরে কৃষি-সংক্রান্ত বিষয়ে নতুন উদ্ভাবন, ব্যবসা ও নেটওয়ার্ক গঠন ও সেই বিষয়ক সমস্যার সমাধান সম্পর্কে অবহিত করা হবে। নির্বাচিত প্রার্থীরা সর্বাধিক ৪ লাখ টাকার সরকারি অনুদান পাবেন।

**এগ্রিপ্রেনারশিপ ওরিয়েন্টেশন প্রোগ্রাম:** এই প্রোগ্রামে কৃষি-সংক্রান্ত বিষয়ে ব্যবসা করতে ইচ্ছুক প্রার্থীদের প্রশিক্ষণ দেওয়া হবে ব্যবসা প্রতিষ্ঠার বিভিন্ন খুঁটিনাটি বিষয়ে। নিজস্ব উদ্ভাবনী শক্তি দ্বারা কীভাবে ব্যবসার প্রসারণ করা যেতে পারে ও বাজারের উপযোগী পণ্য মানুষের কাছে পৌঁছে দেওয়া যাবে সে-বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। নির্বাচিত প্রার্থীরা সর্বাধিক ৫ লাখ টাকার সরকারি অনুদান পাবেন।

**স্টার্ট-আপ এগ্রি-বিজনেস ইনকিউবেশন প্রোগ্রাম:** এই প্রোগ্রামের মাধ্যমে কৃষি-উদ্যোক্তাদের ব্যবসার সম্প্রসারণ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রযুক্তি-গত পরামর্শ প্রদান, পণ্যকে বাজারজাত করার নানান পথ নির্দেশনাও দেওয়া হবে। নির্বাচিত প্রার্থীরা সর্বাধিক ২৫ লাখ টাকার সরকারি অনুদান পাবেন।

প্রতিটি প্রোগ্রামের মেয়াদ ১ মাস। অনলাইন মাধ্যমে প্রশিক্ষণ নেওয়া যাবে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://niam-nabi.com আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## অ্যাডভান্সড উড ওয়ার্কিংয়ের ডিপ্লোমা



অ্যাডভান্সড উড ওয়ার্কিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বেঙ্গালুরুর ইনস্টিটিউট অব উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি। কোর্সের মেয়াদ ১ বছর।

কোর্সের বিবরণ: আসনসংখ্যা ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক পাশ। সায়েন্স, ফরেস্ট্রি ও ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতকরাও আবেদন করতে পারেন। বয়স: অন্তত ১৮ বছরের হতে হবে।

প্রথমে ৬ মাসের প্রশিক্ষণ দেওয়া হবে এবং পরবর্তী ৬ মাস ইন্টার্নশিপ।

কোর্স শেষে চাকরি পেতে সহায়তা করা হবে।

কোর্স ফি ৩৫,০০০ টাকা। ফেরতযোগ্য কশান মানি বাবদ দিতে হবে ৫,০০০ টাকা। থাকা-খাওয়ার খরচ আলাদা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://iwst.icfre.gov.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র ১৯ জুলাইয়ের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, Institute of Wood Science & Technology, P.O.Malleswaram, Bangalore – 560003 (India).

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এনএসওইউ-তে বৃত্তিমূলক কোর্স

নিজস্ব প্রতিনিধি: একাধিক বিষয়ে বৃত্তিমূলক কোর্স করাবে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (এনএসওইউ)। এই ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সগুলির ব্যবস্থাপক, বিশ্ববিদ্যালয়ের সেন্টার অব লাইফ লং লার্নিংয়ের স্কুল অব ভোকেশনাল স্টাডিজ। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

কোর্সের বিষয়: ফায়ার সেফটি অ্যান্ড স্কিল, বিউটি থেরাপি অ্যান্ড হেয়ার ড্রেসিং, বিউটিশিয়ান অ্যান্ড ওয়েলনেস, যোগা, স্ট্রেস ম্যানেজমেন্ট উইথ মেডিটেশন, ল্যান্ড সার্ভে, মানবাধিকার, ফ্যামিলি কাউন্সেলিং, মেডিসিন শপ অ্যাসিস্ট্যান্ট, সাইবার ল, এক্সপোর্ট-ইমপোর্ট ম্যানেজমেন্ট, ডিজিটাল মার্কেটিং, ডিপ্লোমা ইন ফার্মাকোলজি ম্যানেজমেন্ট, মিউজিক, ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম, নেচারোপ্যাথি, ডিটিপি অ্যান্ড নেটওয়ার্কিং, অটোমোবাইল টেকনিশিয়ানস ইত্যাদি।

কোর্সের মেয়াদ: সার্টিফিকেট কোর্স ৬ মাস, ডিপ্লোমা কোর্স ১ বছর।

শিক্ষাগত যোগ্যতা: বিষয় অনুযায়ী দশম, দ্বাদশ ও স্নাতক উত্তীর্ণ।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন: ১০ জুলাই।

ভর্তির জন্য আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbnsou.ac.in বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।


SBI The banker to every Indian

ভারতীয় স্টেট ব্যাঙ্ক
স্থানীয় প্রধান কার্যালয়, কলকাতা
সমৃদ্ধি ভবন, ১, স্ট্র্যান্ড রোড, কলকাতা - ৭০০ ০০১

স্টেট ব্যাঙ্ক ইনস্টিটিউট অফ লিডারশিপ, কলকাতা, প্লট -II এফ/২, রাস্তার নম্বর -৩২৯, অ্যাকশন এরিয়া-III, নিউ টাউন, রাজারহাট, কলকাতা - ৭০০১৬০ -এ ডিসপেনসারির জন্য চুক্তিভিত্তিক চিকিৎসক নিয়োগ

স্টেট ব্যাংকে ইনস্টিটিউট অফ লিডারশিপ, কলকাতা কর্তৃক পরিচালিত ডিসপেনসারিতে চুক্তিভিত্তিক কাজের জন্য যোগ্য ভারতীয় নাগরিক চিকিৎসক (এমবিবিএস)-দের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে।

নিয়োগের বিস্তারিত বিবরণ:

| | |
|---|---|
| শূন্যপদের সংখ্যা | ১ (এক) |
| যোগ্যতা: | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা- স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান থেকে ন্যূনতম এমবিবিএস ডিগ্রি এবং ৩ বছরের ক্লিনিক্যাল অভিজ্ঞতা। |
| কাজের সময় | দিনে ২ ঘণ্টা, সপ্তাহে ৫টি কর্মদিবস। |
| মানদেয় | প্রতি ঘণ্টা পরিষেবা বা উপস্থিতির জন্য ১,২০০ টাকা এবং প্রকৃত পরিবহণ খরচ বাবদ মাসিক সর্বোচ্চ ৩,২০০ টাকা পর্যন্ত (ব্যাঙ্ক কর্তৃক সংশোধিত হলে এই মানদেয় পরিবর্তনযোগ্য))। |
| চুক্তির ধরন | নিয়োগের মেয়াদ হবে এক বছর, তবে উভয় পক্ষের যেকোনো একটি পক্ষ এক মাসের লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে এই চুক্তি বাতিল করতে পারবে। এক বছর পর এই ব্যবস্থার পুনর্মূল্যায়ন করা হবে। এ বিষয়ে নিয়োগের সময় একটি চুক্তি সম্পাদন করা হবে। প্রার্থীর উপযুক্ততা বিষয়ে ব্যাঙ্কের সিদ্ধান্তই চূড়ান্ত ও অকাট্য বলে গণ্য হবে। |
| পরিষেবা প্রদান | ব্যাঙ্কের কর্মী, অবসরপ্রাপ্ত কর্মী এবং তাঁদের ওপর নির্ভরশীল পরিবারের সদস্যদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসার জন্য পরামর্শ পরিষেবা। |
| আমাদের অফিসে আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ নিচে উল্লেখ করা হলো। | বিজ্ঞাপন প্রকাশের তারিখ থেকে ১৫ দিন। |

ছবি ও স্বাক্ষর সহ আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত নথিপত্রগুলোর স্ব-প্রত্যয়িত ফটোকপি সংযুক্ত করতে হবে:
(I) পরিচয়পত্র, (ii) ঠিকানার প্রমাণপত্র, (iii) বয়সের প্রমাণপত্র, (iv) শিক্ষাগত যোগ্যতা এবং (v) উল্লিখিত মানদণ্ড অনুযায়ী পেশাগত অভিজ্ঞতার প্রমাণপত্র। উক্ত আবেদনপত্র পোস্ট বা কুরিয়ারের মাধ্যমে খামের উপরে অবশ্যই "চুক্তিভিত্তিক চিকিৎসক পদের জন্য আবেদন" কথাটি লিখে "সহায়ক মহা প্রবন্ধক (মানবসম্পদ), ভারতীয় স্টেট ব্যাঙ্ক, মানবসম্পদ বিভাগ, সমৃদ্ধি ভবন, ১, স্ট্র্যান্ড রোড, কলকাতা – ৭০০০০১" এই ঠিকানায় পাঠাতে হবে। বিজ্ঞাপন প্রকাশের ১৫ দিনের মধ্যে আবেদনপত্রটি উল্লিখিত ঠিকানায় পৌঁছাতে হবে।

# কারেন্ট অ্যাফেয়ার্স ১

৬ জুন-১৫ জুন

**৬ জুন** বালুচিস্তানের বালোচ লিবারেশন আর্মি (বিএলএ) সংগঠনকে জঙ্গি তকমা দিতে রাষ্ট্রপুঞ্জে প্রস্তাব পেশ করে ধাক্কা খেল পাকিস্তান ও চিন। আমেরিকার বাধায় সেই চেষ্টা ব্যর্থ হয়েছে। কূটনৈতিক সূত্রের মতে, বালোচ জঙ্গি সংগঠনগুলিকে জঙ্গি তকমা দিয়ে ভারতকে 'সন্ত্রাসের মদতদাতা' প্রমাণ করতে চাইছিল পাকিস্তান। কিন্তু ব্রিটেন ও ফ্রান্সের সাহায্যে ভারত মার্কিন সমর্থন আদায় করায় আপাতত সেই চেষ্টা সফল হয়নি। উল্লেখ্য, মৌলানা মাসুদ আজহারের সংগঠন জইশ-ই-মহম্মদকে জঙ্গি তকমা দিতে ভারতের আনা প্রস্তাব চিনের বাধায় এর আগে বারবার খারিজ হয়েছে।

## অধিকৃত কাশ্মীরে অশান্তি, মৃত অন্তত ৩০



৯ জুন: পাক অধিকৃত কাশ্মীরে সেনা ও পুলিশের মধ্যে সংঘর্ষে ৩০ জনের প্রাণহানির খবর পাওয়া গেল। সেখানে সাধারণ মানুষের উপরে দমন-পীড়ন চালানোর জন্য ইসলামাবাদের তীব্র সমালোচনা করেছে ভারত। আর্থিক সঙ্কট, মূল্যবৃদ্ধি এবং প্রশাসনের বিরুদ্ধে ক্ষোভের জেরে দীর্ঘদিন ধরেই অসন্তোষ বাড়ছিল পাক-অধিকৃত কাশ্মীরে। এই পরিস্থিতিতে সেখানকার নাগরিক সংগঠন 'জয়েন্ট আওয়ামি অ্যাকশন কমিটি' (জেএএসি) আন্দোলনে নামে। কয়েকদিন আগে সংগঠনটিকে নিষিদ্ধ ঘোষণা করে স্থানীয় প্রশাসন। তার পরেই বিক্ষোভ আরও তীব্র হয়ে ওঠে। বিক্ষোভকারীদের দাবি, পুলিশের গুলিতে কমপক্ষে ৩০ জনের মৃত্যু হয়েছে, জখম দু'শোরও বেশি। দেশ-বিদেশের মানবাধিকার সংগঠনগুলি উভয় পক্ষকে সংযম দেখানোর এবং আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের আহ্বান জানিয়েছে। ভারত ছাড়াও বিভিন্ন দেশ পাক সেনা-পুলিশের এই আগ্রাসনের নিন্দা করেছে।

রাজ্যে পালাবদলের পর নবান্ন সভাঘরে রেল বোর্ডের কর্তা, রেলের সব শাখার জেনারেল ম্যানেজার এবং অন্য রেল আধিকারিকদের নিয়ে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠক করলেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। বুলেট ট্রেন, পণ্য করিডর-সহ রাজ্যের জন্য একাধিক প্রকল্পের কথা ঘোষণা করলেন তিনি। চলতি আর্থিক বছরে (২০২৬-২৭) ১৪,২০৫ কোটি টাকা-সহ প্রায় ১ লক্ষ কোটি টাকার রেল প্রকল্প কার্যকর করার কথা ঘোষণা করা হয়েছে। বৈঠকের পর রেলমন্ত্রীর ঘোষণা, দিল্লি থেকে লখনউ, বারাণসী এবং পাটনা হয়ে শিলিগুড়ি পর্যন্ত বুলেট ট্রেন চালু হবে। ছ'ঘণ্টায় সেই ট্রেনে শিলিগুড়ি থেকে দিল্লি পৌঁছনো যাবে। আগামী পাঁচ বছরে মেট্রোকে নতুন প্রজন্মের ৬০টি ট্রেন দেওয়া হবে। তৈরি হবে 'ইস্ট-ওয়েস্ট ডেডিকেটেড ফ্রেট করিডর'। সেই প্রকল্প পশ্চিমবঙ্গের ডানকুনি থেকে ওড়িশা, ছত্তিসগড়, মধ্যপ্রদেশ হয়ে গুজরাটের সুরাট পর্যন্ত যাবে।

**৭ জুন** আমেরিকার দেওয়া পরমাণু নিরস্ত্রীকরণের প্রস্তাব ফিরিয়ে দিল উত্তর কোরিয়া। সেদেশের শাসক কিম জং উনের বোন কিম ইয়ো জং বলেছেন, পরমাণু অস্ত্র কর্মসূচি নিয়ে কোনও আপস তাঁরা করবেন না। চিনা প্রেসিডেন্ট শি জিনপিংয়ের উত্তর কোরিয়া সফর প্রসঙ্গে মার্কিন বিদেশ দফতরের এক মুখপাত্র সম্প্রতি বলেছিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং প্রেসিডেন্ট শি জিনপিং উত্তর কোরিয়াকে পরমাণু অস্ত্রমুক্ত করার কথা আলোচনা করেছেন। তবে কিম ইয়ো জং আমেরিকার এই তথ্যকে উড়িয়ে দিয়েছেন।



"গত ১৫ বছর ধরে তৃণমূল সরকার রাজ্যকে ঋণ-নির্ভর অর্থনীতিতে পরিণত করেছে। এই বাজেটও কীভাবে রাজ্যকে সাবলম্বী অর্থনীতিতে দাঁড় করাতে পারে, আয়ের উৎস কী, তার দিশা দেখাতে পারেনি। (বাজেটে) জনমোহিনী ঘোষণার মুখোশ রয়েছে।"

মোস্তাফিজুর রহমান, *সিপিএম নেতা ও বিধায়ক*
রাজ্য বাজেটে আয়ের পথ নিয়ে প্রশ্ন তুলে

**৮ জুন** ফিলিপিন্সের মিন্দানাও উপকূলে ভূমিকম্পে ৪৬ জনের মৃত্যু হল। রিখটার স্কেলে কম্পনের মাত্রা ছিল ৭.৮। বড় বিপর্যয়ের আশঙ্কায় ইন্দোনেশিয়া, জাপান এবং মালয়শিয়ার বেশ কিছু অংশে সুনামি সতর্কতাও জারি করা হয়। দু'দিন ধরে উদ্ধারকার্য চালানোর পর ১০ জুন নিখোঁজের সংখ্যা বেড়ে হয় ১৭। ফিলিপিন্সের কম্পনের রেশ কিউবা, মেক্সিকো এবং আমেরিকার ফ্লরিডাতে অনুভূত হলেও বড়সড় ক্ষয়ক্ষতির খবর মেলেনি।

আফগানিস্তানের বিরুদ্ধে মুল্লানপুরে একমাত্র টেস্ট আড়াই দিনে জিতে নিল ভারত। ইনিংস ও ৩০০ রানে জয়ী হয়েছে তারা। প্রথম ইনিংসে ভারতের ৫৬৪-৮ স্কোরের জবাবে আফগানিস্তানের প্রথম ইনিংস শেষ হয় ১৫২ রানে। এদিন দ্বিতীয় ইনিংসে আফগানরা ১১২ রানে অলআউট হয়ে যায়। রাজস্থানের ২৩ বছর বয়সি নবাগত বাঁ-হাতি স্পিনার মানব সুতার ম্যাচ শেষে আলোচনায় উঠে এসেছেন। প্রথম ইনিংসে ছ'উইকেট এবং দ্বিতীয় ইনিংসে এক উইকেট পেয়েছেন তিনি। এছাড়া ব্যাট হাতে করেছেন ২৮। ম্যাচের সেরাও হয়েছেন তিনি।

**৯ জুন** পশ্চিমবঙ্গে ১৮ জন আইএএস-কে বদলির নির্দেশিকা প্রকাশ করল নবান্ন। ফলে অনেক দফতরেই সচিব পদে রদবদল সামনে এসেছে। উল্লেখযোগ্য কয়েকটি দফতরের মধ্যে খাদ্য দফতরের সচিব পারভেজ সিদ্দিকীকে একেবারে কম গুরুত্বের পদে (স্টেট গেজেটার্স) বদলি করে জগদীশপ্রসাদ মিনাকে নতুন খাদ্যসচিব করা হয়েছে। প্রাক্তন মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তীকে বদলি করা হয়েছে বিজ্ঞান, প্রযুক্তি ও আবাসন-দফতরের দায়িত্বে। পরিবহণ দফতরের সচিব করা হয়েছে রবি ইন্দর সিংহকে। সুরেন্দ্র গুপ্ত নতুন ভূমি সচিব, আর ভীমলা উত্তরবঙ্গ উন্নয়ন দফতরের সচিব হয়েছেন। সুন্দরবন উন্নয়ন দফতরের সচিব হয়েছেন মুক্তা আর্য। দিল্লিতে মুখ্য রেসিডেন্ট কমিশনার দুষ্মন্ত নারিয়ালাকে দেওয়া হয়েছে নেতাজি সুভাষ প্রশিক্ষণ কেন্দ্রের অতিরিক্ত দায়িত্ব।

ক্ষমতা হারানোর পর এবার গোয়েন্দা পুলিশের তল্লাশির মুখোমুখি হলেন মমতা বন্দ্যোপাধ্যায়। কালীঘাটে তাঁর বাড়িতে তৃণমূল কংগ্রেসের দফতরের ঠিকানায় প্রায় দু'ঘণ্টা ধরে চলে তল্লাশি। তৃণমূলের পরিষদীয় দলনেতা মনোনয়নে দলের বিধায়কদের সই জালিয়াতির অভিযোগে তদন্ত শুরু করে রাজ্য পুলিশের গোয়েন্দা শাখা। সেই সূত্রেই সিআইডি-র দল যায় কালীঘাটে। উল্লেখ্য এদিন 'ইন্ডিয়া' মঞ্চের বৈঠকে যোগ দিতে দিল্লিতে কংগ্রেস নেত্রী সনিয়া গান্ধীর বাড়িতে উপস্থিত ছিলেন মমতা ও অভিষেক। তৃণমূল নেত্রীর অনুপস্থিতিতে এই তল্লাশিকে রাজনৈতিক প্রতিহিংসা বলে সরব হয়েছে তৃণমূল।

**১০ জুন** কেন্দ্রীয় মন্ত্রিসভায় প্রস্তাব পাশ করে, নিরবচ্ছিন্ন ভাবে নির্বাচিত প্রধানমন্ত্রী হিসেবে সবচেয়ে বেশিদিন পদে থাকার নজির স্থাপনের জন্য নরেন্দ্র মোদীকে অভিনন্দন জানানো হল। গৃহীত প্রস্তাবে বলা হয়েছে, তিনি ৪,৩৯৯ দিন নির্বাচিত প্রধানমন্ত্রী হিসেবে অনন্য কৃতিত্ব স্থাপন করেছেন। এর আগে জওহরলাল নেহরু ১৯৫২ থেকে ১৯৬৪ সাল পর্যন্ত একটানা ৪,৩৯৮ দিন এই পদে আসীন ছিলেন। প্রকৃতপক্ষে নেহরু ১৯৪৭ থেকে টানা ১৬ বছর ২৮৬ দিন প্রধানমন্ত্রী ছিলেন। কিন্তু বিজেপি ১৯৪৭ থেকে ১৯৫২ পর্যন্ত নেহরুর প্রধানমন্ত্রী পদে থাকার সময়কালকে হিসেবের মধ্যে ধরছে না। কারণ দেশে প্রথম নির্বাচন হয় ১৯৫২ সালে। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খড়্গে বলেছেন, 'ইতিহাসকে ভেঙেচুরে পেশ করলে সত্য বদলাবে না'।

গ্রেট নিকোবর দ্বীপে গ্রিনফিল্ড বিমানবন্দর নির্মাণের অনুমোদন দিল কেন্দ্র। সরকারি সূত্রে জানানো হয়েছে, এই নতুন বিমানবন্দরটি গালাথিয়া উপসাগরের খুব কাছেই তৈরি হবে। আগামী ৫ বছরের মধ্যে নির্মাণের কাজ সম্পূর্ণ হয়ে যাবে। খরচ হবে ১৩ হাজার কোটি টাকা। পরিবেশবিদদের মতে, ভারতের দক্ষিণতম এই অংশটি পরিবেশগতভাবে অত্যন্ত সংবেদনশীল। বড় পরিকাঠামো নির্মাণের ক্ষেত্রে বাস্তুতন্ত্রের স্থায়ী ক্ষতির আশঙ্কা রয়েছে। নিশ্চিহ্ন হয়ে যেতে পারে বিপন্ন প্রজাতির জীব। সেখানকার আদিবাসীদের জীবনযাত্রাও বিপর্যয়ের মুখে পড়বার সম্ভাবনা প্রবল।

## দফতর বণ্টন রাজ্য মন্ত্রিসভায়



১০ জুন: রাজ্যে বিজেপি সরকারের শপথগ্রহণের এক মাসের মাথায় সম্পূর্ণ হল মন্ত্রিসভার দায়িত্ব বণ্টন। ৯ মে ব্রিগেডে শপথ নিয়েছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এবং পাঁচজন পূর্ণমন্ত্রী। ১ জুন মন্ত্রিসভার সম্প্রসারণ হয়। ১৩ জন পূর্ণমন্ত্রী, ৩ জন স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী এবং ১৯ জন প্রতিমন্ত্রী শপথ নেন। দফতর বণ্টনের পরে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর হাতে রয়েছে স্বরাষ্ট্র, তথ্য ও সংস্কৃতি, ভূমি-ভূমি সংস্কার ও উদ্বাস্তু পুনর্বাসন, বিদ্যুৎ, কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার এবং যে দফতরগুলিতে মন্ত্রী থাকবেন না। বাকি পূর্ণমন্ত্রীরা যে যে দফতর পেলেন সেগুলি হল— স্বপন দাশগুপ্ত: অর্থ। তাপস রায়: শিল্প, শিল্প পুনর্গঠন, পাবলিক এন্টারপ্রাইজ এবং অপ্রচলিত শক্তি দফতর। শারদ্বত মুখোপাধ্যায়: স্বাস্থ্য। দিলীপ ঘোষ: পঞ্চায়েত, কৃষি বিপণন। অগ্নিমিত্রা পাল: পুর ও নগরোন্নয়ন। জগন্নাথ চট্টোপাধ্যায়: উচ্চশিক্ষা এবং কারিগরি শিক্ষা। দীপক বর্মণ: স্কুলশিক্ষা, আবাসন, ক্ষুদ্র ছোট এবং মাঝারি শিল্প। ক্ষুদিরাম টুডু: সংখ্যালঘু উন্নয়ন ও মাদ্রাসা শিক্ষা, আদিবাসী উন্নয়ন। অশোক কীর্তনিয়া: খাদ্য, সমবায়। নিশীথ প্রামাণিক: উত্তরবঙ্গ উন্নয়ন, জলসম্পদ উন্নয়ন ও অনুসন্ধান। অর্জুন সিংহ: পরিবহণ, শ্রম। কল্যাণ চক্রবর্তী: তথ্যপ্রযুক্তি ও বিজ্ঞান-প্রযুক্তি এবং উদ্যানপালন। দুধকুমার মণ্ডল: কৃষি। অজয় কুমার পোদ্দার: পূর্ত এবং জনস্বাস্থ্য কারিগরি। শঙ্কর ঘোষ: পর্যটন, পরিষদীয়। অরূপকুমার দাস: সেচ ও জলপথ। গৌরীশঙ্কর ঘোষ: অনগ্রসর কল্যাণ এবং গ্রন্থাগার। মনোজকুমার ওরাওঁ: বন ও পরিবেশ।

তৃণমূল সাংসদ সুস্মিতা দেব রাজ্যসভার সাংসদ পদ থেকে ইস্তফা দিলেন। একইসঙ্গে তিনি ছাড়লেন দলের সব পদও। পদত্যাগের পর বিজেপিতে যোগদানের সম্ভাবনা প্রকাশ্যে এনে সুস্মিতা দেখা করেন আসামের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মার সঙ্গেও। উল্লেখ্য, ৮ জুন তৃণমূলের আরেক রাজ্যসভার সাংসদ সুখেন্দুশেখর রায় ইস্তফা দেন। ফলে রাজ্যসভায় তৃণমূলের মোট ১৩ জন সাংসদ কমে হল ১১ জন।

**১১ জুন** রাজ্যের সব সরকারি কার্যালয়ে প্রি-পেড স্মার্ট মিটার বসানোর সিদ্ধান্ত নিল রাজ্য। অর্থ দফতরের নির্দেশিকা অনুযায়ী, কীভাবে বিদ্যুতের খরচ মেটাতে হবে, তা নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। তাতে প্রত্যেক মাসে বিদ্যুৎ আগাম কেনার ব্যবস্থা করতে হবে দফতরগুলিকে। নিয়ম অনুযায়ী স্মার্ট মিটার বসানো হচ্ছে কিনা, তা দেখার দায়িত্ব দেওয়া হয়েছে রাজ্য পুলিশের ডিজি, ডিভিশনাল কমিশনার, সব জেলাশাসক ও সংশ্লিষ্ট দফতর-গুলিকে। প্রশাসনের একাংশের বক্তব্য সরকারি অফিসগুলির থেকে বিদ্যুৎ বণ্টন সংস্থার টাকা বকেয়া আছে। প্রি-পেড স্মার্ট মিটার বসানো হলে, সেই সমস্যা এড়ানো যাবে বলে মনে করা হচ্ছে।

## ফরাসি ওপেন জিতলেন আন্দ্রিভা ও জেরেভ



৬ জুন: মারিয়া শারাপোভার পরে দ্বিতীয় রুশ তরুণী হিসেবে ফরাসি ওপেনে মেয়েদের সিঙ্গলস খেতাব জিতলেন ১৯ বছর বয়সি মিরা আন্দ্রিভা। ফাইনালে অবাছাই মায়া খোয়ালিনস্কাকে ৮২ মিনিটের লড়াইয়ে ৬-৩, ৬-২ ফলে হারালেন মিরা। মনিকা সেলেসের পরে দ্বিতীয় কনিষ্ঠতম হিসেবে ফরাসি ওপেনে চ্যাম্পিয়ন হলেন মিরা। অন্যদিকে ৭ জুন ছেলেদের সিঙ্গলস খেতাবও উঠল প্রথম গ্র্যান্ডস্লাম জয়ী আলেকজান্ডার জেরেভের হাতে। এই নিয়ে চতুর্থবার গ্র্যান্ডস্লাম ফাইনালে উঠে প্রথমবার জয় এল তাঁর। ৬-১, ৪-৬, ৬-৪, ৭-৬ (৫), ৬-১ ফলে জেরেভ হারালেন প্রথমবার ফাইনালে ওঠা ফ্লাভিয়ো কোবোলিকে। ১৯৯৬ সালে বরিস বেকারের অস্ট্রেলীয় ওপেন জয়ের পরে দ্বিতীয় জার্মান খেলোয়াড় হিসেবে গ্র্যান্ডস্লাম জিতলেন জেরেভ।

## মেক্সিকোতে উদ্বোধন ফিফা বিশ্বকাপের



১১ জুন: মেক্সিকো সিটির অ্যাজটেকা স্টেডিয়ামে বর্ণাঢ্য উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে শুরু হয়ে গেল ফিফা বিশ্বকাপ ২০২৬। এবার বিশ্বকাপের আয়োজক দেশের সংখ্যা তিন। আমেরিকা, কানাডা এবং মেক্সিকো। এবারই প্রথম বিশ্বকাপে অংশগ্রহণকারী দেশের সংখ্যা ৪৮। উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্য আকর্ষণ ছিল পপ গায়িকা শাকিরার অনুষ্ঠান। মেক্সিকোর লোকশিল্পের পাশাপাশি জমকালো নানান প্রদর্শন বিশ্বকাপের উদ্বোধনকে রাঙিয়ে তুললেও বেশ কয়েকটি স্থানে বিক্ষোভের ঘটনাও খবরে এসেছে। আমেরিকা বিশ্বকাপকে বিশ্ব-শান্তির প্রতীক হিসেবে প্রচার করলেও বিশ্বকাপের বোধনের দিনেই আন্তর্জাতিক সম্প্রীতির তাল কেটেছে ইরানকে দেওয়া ট্রাম্পের হুমকিতে।

# কারেন্ট অ্যাফেয়ার্স ②

প্রতিরক্ষা খাতে ব্যয় বাড়ানো নিয়ে প্রধানমন্ত্রী কিয়র স্টার্মারের সঙ্গে মতবিরোধের জেরে পদত্যাগ করলেন ব্রিটেনের প্রতিরক্ষামন্ত্রী জন হিলি। তাঁর অভিযোগ, দেশের নিরাপত্তা চাহিদা পূরণে প্রয়োজনীয় অর্থ বরাদ্দে সরকার যথেষ্ট প্রতিশ্রুতি দিচ্ছে না। ইস্তফা পত্রে জন দাবি করেছেন, বর্তমান সময়ে যখন আন্তর্জাতিক নিরাপত্তা পরিস্থিতি দ্রুত পরিবর্তিত হচ্ছে, তখন দেশকে সুরক্ষিত রাখতে প্রয়োজনীয় অর্থ ও সম্পদ দেওয়ার বিষয়ে প্রধানমন্ত্রী এবং অর্থমন্ত্রক যথেষ্ট উদ্যোগ নেয়নি।

## ১৩২ দিন পর অন্ত্যেষ্টি খামেনেইয়ের



১৩ জুন: ইরানের নিহত প্রাক্তন সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতোল্লা আলি খামেনেইয়ের অন্ত্যেষ্টির পূর্ণাঙ্গ সময়সূচি ঘোষণা করা হল। তেহরানের তরফে জানানো হয়েছে, জুলাই মাসের ৪ তারিখ থেকে ছ'দিন ধরে চলবে এই অন্ত্যেষ্টি ক্রিয়া। সবশেষে ৯ জুলাই তাঁকে তাঁর জন্মস্থান মাশহাদে সমাহিত করা হবে। ১৯৮৯ থেকে ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতার পদে আসীন ছিলেন খামেনেই। গত ২৮ ফেব্রুয়ারি আমেরিকা-ইজরায়েলের যৌথ বিমান হামলায় নিহত হন ৮৬ বছর বয়সি এই ধর্মীয় নেতা।

## প্রয়াত যশপাল রানা



১২ জুন: ভারতের প্রাক্তন শুটার যশপাল রানা (৪৯) প্রয়াত হলেন। মিউনিখ শুটিং বিশ্বকাপ থেকে দেশে ফেরার সময় বিমানেই হৃদরোগে আক্রান্ত হন তিনি। ২০২৪ প্যারিস অলিম্পিক্সে জোড়া পদকজয়ী মনু ভাকরের কোচ ছিলেন তিনি। ভারতীয় দলের কোচ হিসেবেও কাজ করেছেন। নিজে ১৯৯৪ সালে প্রথমবার দেশের প্রতিনিধিত্ব করেন। সেবছর মিলানে আয়োজিত জুনিয়র বিশ্বকাপে বিশ্বরেকর্ড গড়ে সোনা জেতেন। এশিয়ান গেমসে ২৫ মিটার সেন্টার ফায়ার পিস্তলে সোনা জিতেছেন। ২০০৬ সালের দোহা এশিয়ান গেমসে তিনটি সোনা জিতে নজর কাড়েন। একটি বিভাগে বিশ্বরেকর্ড স্পর্শ করেছিলেন। আন্তর্জাতিক স্তরে ১৫টি পদক রয়েছে তাঁর। তার মধ্যে ৯টি সোনা। মাত্র ১৮ বছর বয়সে অর্জুন পুরস্কার ও পরে পেয়েছেন পদ্মশ্রী সম্মান এবং দ্রোণাচার্য সম্মানও।

## দেশের পরবর্তী সেনাপ্রধান ধীরজ শেঠ



১৩ জুন: দেশের পরবর্তী সেনাপ্রধান (চিফ অব ডিফেন্স স্টাফ) হিসেবে দায়িত্ব পেলেন লেফটেন্যান্ট জেনারেল ধীরজ শেঠ। প্রতিরক্ষা মন্ত্রকের তরফে একটি বিবৃতিতে এদিন জানানো হয়েছে, ৩০ জুন বিদায়ী জেনারেল উপেন্দ্র দ্বিবেদীর স্থলাভিষিক্ত হবেন তিনি। সেনাবাহিনীর সর্বোচ্চ পদে তাঁর মেয়াদ শেষ হবে ৩১ অগস্ট, ২০২৮। ১৯৮৬ সালে সামরিক অফিসার হিসেবে বাহিনীতে যোগ দেন ধীরজ। দীর্ঘ চার দশকের অভিজ্ঞতা নিয়ে শীর্ষ পদে এলেন তিনি। দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ এবং সংবেদনশীল এলাকায় নেতৃত্ব দিয়েছেন। আন্তর্জাতিক ক্ষেত্রে অ্যাঙ্গোলায় রাষ্ট্রপুঞ্জের মিশন এবং সেনা সদর দফতরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন।

## ফ্রান্সে ভারত ইনোভেটস-এর মঞ্চে যোগ মোদীর




১৪ জুন: ফ্রান্স সফরে গিয়ে নিস শহরে আয়োজিত 'ভারত ইনোভেটস' অনুষ্ঠানে যোগ দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদিন ফ্রান্সের সঙ্গে অংশীদার হিসেবে 'ভারত ইনোভেটস'-এর সূচনা হল। ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল মাকরঁ-ও উপস্থিত ছিলেন। 'ভারত ইনোভেটস' প্ল্যাটফর্মটি ভারতীয় মেধা ও ইউরোপীয় পুঁজির মধ্যে একটা সেতুবন্ধন হিসেবে কাজ করছে। এটি এমন একটি মঞ্চ যেখানে ভারতের তরুণ উদ্ভাবকেরা ইউরোপীয় দক্ষতার সঙ্গে যুক্ত হওয়ার সুযোগ পাচ্ছেন।

## লক্ষ কোটি ডলারের মালিক মাস্ক



১২ জুন: বিশ্বের প্রথম ব্যক্তি হিসেবে একাই এক লক্ষ কোটি ডলারের (প্রায় ৯৫ লক্ষ কোটি টাকা) মালিক হলেন ইলন মাস্ক। আমেরিকায় ন্যাসডাকে নথিভুক্ত হয়েছে তাঁর সংস্থা স্পেস এক্স। সংস্থাটি তুলেছে রেকর্ড ৭,৫০০ কোটি ডলার বা প্রায় ৭,১২,৫০০ কোটি টাকা। নথিভুক্তির পরেই সংস্থার শেয়ার দর বাড়ে ১১%। যার ফলে বিশ্বের ধনীতম ব্যক্তি মাস্কের সম্পদ দাঁড়ায় ১.০৫ লক্ষ কোটি ডলারে।

**১২ জুন** রাজ্যে সরকার বদলের সঙ্গে সঙ্গে গ্রামোন্নয়নে বরাদ্দের সবুজ সংকেত দিল কেন্দ্র। নতুন ১২৫ দিনের কাজের প্রকল্প ছাড়াও পুরনো একশো দিনের কাজের প্রকল্পের বকেয়া কিছু বরাদ্দও দেওয়া হয়েছে। দীর্ঘদিন ধরে যে বরাদ্দ আটকে ছিল। সব মিলিয়ে রাজ্যের পঞ্চায়েত দপ্তর প্রায় সাড়ে ১৬ হাজার কোটি টাকা হাতে পেতে চলেছে। বিগত বেশ কয়েক বছর ধরে একলপ্তে এত বড় বরাদ্দ কেন্দ্রের থেকে পাওয়া যায়নি বলেই জানাচ্ছেন আধিকারিকদের একাংশ। বিগত তৃণমূল সরকারের আমলে বিস্তর অভিযোগের কারণে দীর্ঘদিন বন্ধ ছিল একশো দিনের কাজের প্রকল্পের কেন্দ্রীয় বরাদ্দ।

**১৩ জুন** ভেনেজুয়েলার কুখ্যাত মাদক চক্রের নেতা হেক্টর রাসেনফোর্ড গুয়েরেরো ফ্লোরেস ওরফে নিনো গুয়েরেরোকে খতম করা হয়েছে বলে ঘোষণা করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মার্কিন প্রতিরক্ষা সচিব পিট হেগসেথ এক্স হ্যান্ডলে জানিয়েছেন, এ সপ্তাহের গোড়ার দিকে এই অভিযান চালানো হয়েছে। অভিযানে তাঁদের সাহায্য করেছে ভেনেজুয়েলার নিরাপত্তা বাহিনী। ভেনেজুয়েলা সরকারও জানিয়েছে দু'দেশের গোয়েন্দা বাহিনীর দেওয়া তথ্য ও বিশেষ প্রযুক্তিগত সহায়তা নিয়ে এই অভিযান চালানো হয়েছে।

**১৪ জুন** ভারতীয় পরিচয়কে শক্তিশালী করতে এবং ঔপনিবেশিক আমলের ঐতিহ্য থেকে সরে আসার প্রচেষ্টা হিসেবে, ভারতীয় সেনাবাহিনী তাদের পোশাক বিধিতে বড় পরিবর্তন আনল। ভারতীয় সেনাবাহিনীর তরফে 'আর্মি ইউনিফর্মস-২০২৬' নামের ১৭৪ পাতার একটি নতুন পোশাক বিধি প্রকাশ করা হয়েছে। নতুন বিধি অনুযায়ী এখন থেকে কোনও অনুষ্ঠানে গলাবন্ধ কোট বা জ্যাকেট পরতে পারবেন সেনা জওয়ানরা। সেই সঙ্গে কুচকাওয়াজের সময় সেনা আধিকারিকদের সঙ্গে তলোয়ার রাখার নিয়মটিও ঐচ্ছিক করা হয়েছে।

**১৫ জুন** দেশে বেকারত্বের হার আরও বাড়ল। কেন্দ্রীয় পরিসংখ্যান মন্ত্রক জানিয়েছে, মে মাসে দেশে ১৫ বছর ও তার বেশি বয়সিদের মধ্যে বেকারত্বের হার দাঁড়িয়েছে ৫.৫%। এপ্রিলে যা ছিল ৫.২%। তবে গতবছর মে-র (৫.৬%) থেকে তা এবার সামান্য কম। মন্ত্রকের বক্তব্য, মূলত গ্রামাঞ্চলে কাজের অভাবই এই হারকে বাড়িয়েছে। গ্রামাঞ্চলে এপ্রিলের ৪.৬% থেকে তা হয়েছে ৫.১%। তবে শহরে ৬.৬% থেকে বেকারত্ব কমে হয়েছে ৬.৪%। তবে কাজের বাজারে মহিলাদের অংশীদারিও কমে গিয়ে হয়েছে ৩২.৮%।

**অর্থনীতিবিদদের আশঙ্কা মিলিয়ে মে** মাসে পাইকারি মূল্যবৃদ্ধির হার ১০ শতাংশের (৯.৬৮%) কাছে পৌঁছল। অর্থনীতিবিদ অজিতাভ রায়চৌধুরী জানান, গত মাসে মূলত জ্বালানির দর দ্রুত বাড়ায় এই হার চড়েছে। এর জের খুচরো বাজারে পড়লে মানুষের খরচ আরও বাড়বে। খুচরো মূল্যবৃদ্ধি চড়লে রিজার্ভ ব্যাঙ্ক সুদ বাড়াবে। ব্যাঙ্ক সুদ বাড়ালে মাসিক কিস্তি বাবদ খরচ মাথা তুলবে।

## লোকসভায় তৃণমূলের বিদ্রোহী ২০ সাংসদ মিশলেন এনসিপিআই-তে



১৪ জুন: নয়াদিল্লিতে কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদবের বাড়ি এবং স্পিকার ওম বিড়লার বাসভবনে বৈঠকের পর তৃণমূলের বিদ্রোহী কুড়িজন সাংসদের পক্ষ থেকে জানানো হল, তাঁরা ত্রিপুরার ন্যাশানালিস্ট সিটিজেনস পার্টি অব ইন্ডিয়া (এনসিপিআই)-তে মিশে গেলেন। স্পিকারের বাসভবন থেকে বেরিয়ে সুদীপ বন্দ্যোপাধ্যায় বলেন 'আমরা এনসিপিআই-তে যোগ দিয়েছি। এটি একটি নির্বাচন কমিশন স্বীকৃত রাজনৈতিক দল। আমরা এই দলের সঙ্গে মিশে যাচ্ছি। এর পরে আদালতে ফয়সালা হবে কে আসল তৃণমূল।' সাংসদ কাকলি ঘোষ দস্তিদার জানান এনডিএ নেতৃত্ব এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সমন্বয় রেখে কাজ করব আমরা। অন্যদিকে, আদি তৃণমূলের দুই সাংসদ, কীর্তি আজাদ এবং সাগরিকা ঘোষ স্পিকার ওম বিড়লার সঙ্গে দেখা করে তাঁর হাতে তুলে দেন তৃণমূলের দলনেতা অভিষেক বন্দ্যোপাধ্যায়ের চিঠি। তাতে বলা হয়েছে, তৃণমূল অখণ্ড রাজনৈতিক দল। তৃণমূলের সংসদীয় দলের মধ্যে কোনও পৃথক গোষ্ঠীকে যাতে স্বীকৃতি দেওয়া না হয় তার আর্জি জানানো হয়েছে।

## জোরহাটে ভেঙে পড়ল বায়ুসেনার এএন-৩২ পরিবহণ বিমান



১৩ জুন: আসামের জোরহাটের বায়ুসেনা ঘাঁটিতে অবতরণের সময় ভেঙে পড়ল বিমানবাহিনীর একটি এএন-৩২ পরিবহণ বিমান। এই দুর্ঘটনায় বিমানের প্রধান পাইলট-সহ পাঁচজন বায়ুসেনা কর্মীর মৃত্যু হয়েছে। তবে সহকারী পাইলট ও আরও দুই কর্মী প্রাণে বেঁচে গিয়েছেন। দুর্ঘটনার প্রকৃত কারণ নির্ধারণের জন্য বায়ুসেনা তদন্ত কমিটি গঠন করেছে। জোরহাটের এদিনের দুর্ঘটনা গত এক দশকে এই বিমানের তৃতীয় বড় দুর্ঘটনা। উল্লেখ্য, সোভিয়েত আমলে তৈরি বায়ুসেনার এএন-৩২ বিমানগুলি দীর্ঘদিন ধরে নির্ভরযোগ্য পরিষেবা দিয়ে এলেও বর্তমানে এই বিমানবহরের বয়স এবং রক্ষণাবেক্ষণ নিয়ে প্রশ্ন উঠেছে।

## ফিনল্যান্ডে রুশ তেল কেনার পক্ষে সওয়াল জয়শঙ্করের



১২ জুন: রাশিয়া থেকে তেল কেনা নিয়ে আমেরিকা তথা পশ্চিমি বিশ্বের বিরুদ্ধে কড়া ভাষ্য তৈরি করল নয়াদিল্লি। ফিনল্যান্ড সফররত বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর সেদেশের একটি অনুষ্ঠানের প্রশ্নোত্তর পর্বে রুশ তেল কেনার পক্ষে সরব হয়েছেন। জয়শঙ্কর বলেন, ২০২২ সালে আমেরিকা স্পষ্ট জানায়, বিশ্বের তেল বাজারকে স্থিতিশীল রাখতে রাশিয়ার কাছ থেকে তেল কিনতে পারে ভারত। কিন্তু কার্যক্ষেত্রে যখন রাশিয়ার কাছ থেকে তেল কেনা শুরু করা হয়, ঠিক তারপরই ফের সেই অবস্থান থেকে সরে এসে আমেরিকা একের পর এক শুল্ক আরোপ করে।

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

## নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. স্বয়ংক্রিয়ভাবে বৃদ্ধি ও বংশবিস্তারে সক্ষম ক্ষুদ্রতম প্রোটিস্টা হল:
(a) ভাইরাস (b) জীব (c) ব্যাক্টেরিওফাজ (d) মাইকোপ্লাজমা
2. মাছের দিক পরিবর্তনে সাহায্য করে:
(a) ফুলকা (b) পটকা (c) জোড়া পাখনা (d) পুচ্ছ পাখনা
3. ধাতুকল্পের উদাহরণ কোনটি?
(a) আর্সেনিক (b) অ্যান্টিমনি (c) দু'টিই (d) কোনওটিই নয়
4. রেশমকীট কী খেয়ে বেঁচে থাকে?
(a) কীটপতঙ্গ (b) ঘাস (c) তুঁত গাছের পাতা (d) কোনওটিই নয়
5. মিশ্র গ্রন্থির উদাহরণ কোনটি?
(a) থাইরয়েড (b) অগ্ন্যাশয় (c) অ্যাড্রিনাল (d) কোনওটিই নয়
6. কোনও বস্তুর ভরবেগ বস্তুটির কিসের সঙ্গে সমান হয়?
(a) ঘাত (b) বল (c) ক্ষমতা (d) শক্তি
7. আলেয়া সৃষ্টিতে ভূমিকা আছে কোন গ্যাসটির?
(a) $N_2$ (b) $C_2H_2$ (c) $C_2H_4$ (d) $CH_4$
8. পরিণত মানুষের দেহে ক'টি হাড় থাকে?
(a) 210 (b) 208 (c) 206 (d) 103
9. কোন রঞ্জকের (Pigment) উপস্থিতির জন্য মানুষের মূত্রে হলদেটে ভাব দেখা যায়?
(a) হেমোক্রোম (b) সাইটোক্রোম (c) ইউরোক্রোম (d) ফিনোলিক্রোম
10. নীচেরগুলির মধ্যে কোনটি হীরকের ক্ষেত্রে সত্য?
(a) এটি তড়িতের সুপরিবাহী (b) এটি নরম (c) এটি তাপের কুপরিবাহী (d) এটি C, H এবং O দ্বারা গঠিত
11. জারণের ফলে ইলেক্ট্রন:
(a) বৃদ্ধি পায় (b) একই থাকে (c) হ্রাস পায় (d) কোনওটিই নয়
12. বৃদ্ধ বয়স ও বৃদ্ধ বয়সের সমস্যা নিয়ে গবেষণার যে শাখাটি গড়ে উঠেছে তার নাম কী?
(a) অর্নিথলজি (b) টেরাটোলজি (c) অঙ্কোলজি (d) জেরন্টোলজি
13. ইতাই ইতাই রোগের সৃষ্টি হয়:
(a) আর্সেনিক দূষণে (b) ফসফেট দূষণে (c) পতঙ্গ দ্বারা (d) ক্যাডমিয়াম দূষণে
14. কোনটি গৌণ খাদক?
(a) ফড়িং (b) বাঘ (c) ব্যাঙ (d) সবুজ উদ্ভিদ
15. পতঙ্গের ক'টি শ্বাসছিদ্র থাকে?
(a) 10 জোড়া (b) 10টি (c) 7টি (d) 6টি
16. A1C Test কোন রোগ নির্ণয়ের জন্য করা হয়?
(a) ডেঙ্গু (b) টাইফয়েড (c) ডায়াবেটিস (d) কলেরা
17. ছোটদের রিকেট রোগটি কোন ভিটামিনের অভাবে ঘটে?
(a) E (b) A (c) K (d) D
18. গোবর গ্যাসের প্রধান উপাদান কোনটি?
(a) মিথেন (b) অ্যাসিটিলিন (c) ইথিলিন (d) কার্বন ডাই অক্সাইড
19. ব্যাক্টেরিয়ার দেহ কেমন?
(a) বহুকোষী (b) অকোষীয় (c) দ্বিকোষী (d) এককোষী
20. 'রিকেট' কী?
(a) বংশগত রোগ (b) সংক্রামক ব্যাধি (c) অভাবজনিত লক্ষণ (d) কোনওটিই সঠিক নয়
21. পোলিও রোগের বিরুদ্ধে টিকা কে আবিষ্কার করেন?
(a) এডওয়ার্ড জেনার (b) জোনাস সল্ক (c) লুই পাস্তুর (d) আলেকজান্ডার ফ্লেমিং
22. 'থাইরয়েড' কোন ধরনের গ্রন্থি?
(a) মিশ্র গ্রন্থি (b) অন্তক্ষরা গ্রন্থি (c) বহিঃক্ষরা গ্রন্থি (d) কোনওটিই সঠিক নয়
23. একটি আদর্শ যন্ত্রের কর্মদক্ষতা কত?
(a) 50% (b) 80% (c) 100% (d) 200%
24. নীচের কোন ধাতুটি ধাতু-সংকর গঠন করতে পারে না?
(a) সোনা (b) দস্তা (c) লোহা (d) রুপো
25. মানুষের লালারসে কী ধরনের এনজাইম আছে?
(a) ট্রিপসিন (b) পেপসিন (c) রেনিন (d) টায়ালিন
26. 'পৃথিবীর ফুসফুস' কোন অঞ্চলকে বলা হয়?
(a) তুন্দ্রা অঞ্চল (b) প্রেইরি তৃণভূমি (c) নিরক্ষীয় বৃষ্টি অরণ্য (d) ভূমধ্যসাগরীয় অরণ্য
27. কানাডিয়ান শিল্ড অঞ্চলটি একটি:
(a) তৃণাচ্ছাদিত উপত্যকা (b) ক্ষয়প্রাপ্ত মালভূমি (c) নবীন পলিগঠিত সমভূমি (d) উর্বর মরুভূমি
28. ভারতের জাতীয় কংগ্রেস কত সালে অহিংস অসহযোগ আন্দোলনের সূচনা করে?
(a) 1918 সালে (b) 1919 সালে (c) 1920 সালে (d) 1921 সালে
29. মার্বেল কোন জাতীয় শিলা?
(a) গ্রানাইট শিলা (b) রূপান্তরিত শিলা (c) পাললিক শিলা (d) আগ্নেয় শিলা
30. সাঁওতাল বিদ্রোহ বা হুলের প্রতীক ছিল:
(a) সেগুন গাছ (b) শাল গাছ (c) মহুয়া গাছ (d) বটগাছ
31. বিদ্যুতের একক কোনটি?
(a) ওহম (b) অ্যাম্পিয়ার (c) ভোল্ট (d) ওয়াট
32. ভারতের উচ্চতম সামরিক কেন্দ্র কোনটি?
(a) লে (b) সিয়াচেন (c) শ্রীনগর (d) খারদুংলা পাস
33. উদার অর্থনীতি গ্রহণ করা হয় কোন পরিকল্পনায়?
(a) অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (b) সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (c) নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (d) ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা
34. জামা মসজিদ কোথায় অবস্থিত?
(a) লাহোর (b) দিল্লি (c) কাশ্মীর (d) ঔরঙ্গাবাদ
35. হিন্দু কলেজ কবে প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) 1816 (b) 1817 (c) 1819 (d) 1820
36. 'কালবেলা' কোন লেখকের লেখা অন্যতম বিখ্যাত বই?
(a) লীলা মজুমদার (b) সমরেশ মজুমদার (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) বিমল মিত্র
37. হাওয়া মহল কোথায় অবস্থিত?
(a) আগ্রা (b) মাদুরাই (c) কল্যাণী (d) জয়পুর
38. মহাবীরের পিতার নাম কী?
(a) সিদ্ধার্থ (b) চেতক (c) শুদ্ধোধন (d) পার্শ্বনাথ
39. 'পেসো' কোন দেশের মুদ্রার নাম?
(a) মরক্কো (b) আর্জেন্টিনা (c) ব্রাজিল (d) স্পেন
40. নীচের কোন নদী উপত্যকায় 'পিনেট প্রণালী' দেখা যায়?
(a) গোদাবরী (b) নর্মদা (c) বেতোয়া (d) শোন
41. কোন শৃঙ্গ একদা 'P15' শৃঙ্গ নামে পরিচিত ছিল?
(a) কাঞ্চনজঙ্ঘা (b) মাউন্ট এভারেস্ট (c) নীলগিরি (d) কারাকোরাম
42. কোন বছর ভারতে খাদ্য নিগম গড়ে তোলা হয়?
(a) 1960 (b) 1963 (c) 1965 (d) 1971
43. কোন দেশটি ASEAN-এর সদস্যভুক্ত নয়?
(a) থাইল্যান্ড (b) মালয়েশিয়া (c) ইন্দোনেশিয়া (d) ভারত
44. এলাচ চাষের গবেষণাকেন্দ্র কোন রাজ্যে অবস্থিত?
(a) কেরালা (b) মহারাষ্ট্র (c) পশ্চিমবঙ্গ (d) তামিলনাড়ু
45. ভারতে কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনা পুরোপুরি 5 বছর পর্যন্ত হয়নি?
(a) পঞ্চম (b) ষষ্ঠ (c) সপ্তম (d) অষ্টম
নির্দেশ (46 and 47): *নীচের কোনটি অন্যদের থেকে আলাদা?*
46. (a) EGJK (b) PQST (c) IKMN (d) MOWX
47. (a) DFGH (b) KMNO (c) IKMN (d) RTUV
48. নীচে কতকগুলি শব্দ দেওয়া হল, এই শব্দগুলি যথার্থভাবে সাজালে যে অর্থপূর্ণ ঘটনা দাঁড়ায় তা নির্ণয় করুন:
1. দেশ 2. গ্রাম 3. তালুক 4. জেলা 5. রাজ্য
